# নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য পরিস্থিতির মাসিক প্রতিবেদন

## মাসের নামঃ নভেম্বর/২০২৩ খ্রিঃ

### ফসলের নামঃ চাল, গম, আটা ও ভুট্টাঃ

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্য অনুযায়ী নভেম্বর/২০২৩ মাসে চাল, গম, আটা ও ভুট্টার বাজারদর ভিত্তিক পর্যবেক্ষণ প্রতিবেদন নিম্নরূপ:

**১। বাজারদর হ্রাস/বৃদ্ধি পরিস্থিতি:**


নভেম্বর/২০২৩ মাসে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহান্তিক বাজারদর বুলেটিন কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে সংকলন করা হয়েছে। সংকলিত উক্ত বাজারদরের তথ্যানুযায়ী চাল, গম, আটা ও ভুট্টার জাতীয় গড় বাজারদর অক্টোবর/২০২৩ মাসের বাজারদরের সাথে তুলনামূলক বিবরণ নিম্নে সারণীতে দেখানো হলো:


সারণী – ১.১ (মূল্য টাকায়)

| কৃষিপণ্য | নভেম্বর/২৩ মাসের গড় বাজারদর | | অক্টোবর/২৩ মাসের গড় বাজারদর | | এক মাসের ব্যবধানে দামের হ্রাস/বৃদ্ধি | | শতকরা হারে দামের হ্রাস/বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | কুইন্টালে % | কেজিতে % |
| মোটা চাল | ৪৪৮৫ | ৪৫.৫২ | ৪৩৬৪ | ৪৪.১৫ | ১২১ | ১.৩৭ | ২.৭৭% | ৩.১০% |
| মাঝারি চাল | ৫২০১ | ৫৫.৬২ | ৫১২৯ | ৫৪.৭৯ | ৭২ | ০.৮৩ | ১.৪০% | ১.৫১% |
| সরু চাল | ৬২৪৬ | ৬৬.৬৯ | ৬২১০ | ৬৬.১৯ | ৩৬ | ০.৫০ | ০.৫৮% | ০.৭৬% |
| গম (লাল) | ৩৯১৬ | ৪২.৭৭ | ৪১৮৭ | ৪৩.৯১ | -২৭১ | -১.১৪ | -৬.৪৭% | -২.৬০% |
| আটা (খোলা) | ৪১৩০ | ৪৩.২২ | ৪২২০ | ৪৪.৯৯ | -৯০ | -১.৭৭ | -২.১৩% | -৩.৯৩% |
| ভুট্টা | ২৯৫৫ | ৩২.৫২ | ৩০৪৩ | ৩৪.৯৮ | -৮৮ | -২.৪৬ | -২.৮৯% | -৭.০৩% |

উপরোক্ত বাজারদর সারণীতে দেখা যায়, মোটা, মাঝারী ও সরু চাল অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে কুইন্টাল প্রতি পাইকারী গড় দাম যথাক্রমে ২.৭৭%, ১.৪০% ও ০.৫৮% হারে বৃদ্ধি পেয়েছে। খুচরা গড় দাম কেজি প্রতি মোটা, মাঝারী ও সরু চাল যথাক্রমে ৩.১০%, ১.৫১% ও ০.৭৬% হারে বৃদ্ধি পেয়েছে। গম (লাল) এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি -৬.৪৭% এবং খুচরা গড় দাম কেজি প্রতি -২.৬০% হ্রাস পেয়েছে। আটা (খোলা) এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি -২.১৩% ও খুচরা গড় দাম কেজি প্রতি -৩.৯৩% হারে হ্রাস পেয়েছে। ভুট্টা এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি -২.৮৯% ও খুচরা গড় দাম কেজি প্রতি -৭.০৩% হ্রাস পেয়েছে।

নভেম্বর/২০২৩ মাসে কৃষিপণ্য সমূহের পাইকারী ও খুচরা গড় বাজারদর পরিবর্তনের চিত্র নিম্নে দেখানো হলো:



নভেম্বর/২০২৩ ও অক্টোবর/২০২৩ মাসের তুলনামূলক বাজারদর সারণী ও গ্রাফে প্রতিফলিত হয়েছে অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে চাল মোটা, মাঝারী ও সরু চাল এবং গম, আটা (খোলা), ভূট্টা এর পাইকারী ও খুচরা গড় দাম হ্রাস পেয়েছে।


নভেম্বর/২০২৩ মাসের বাজারদর পরিস্থিতি পর্যালোচনায় বিগত বছরগুলোর সাথে চলতি বছরের নভেম্বর/২০২৩ মাসের বাজারদর তুলনা করা যেতে পারে। সুতরাং নভেম্বর/২০২৩ মাসের গড় বাজার দরকে কেন্দ্রবিন্দু ধরে ০৫ বছরের পাইকারী ও খুচরা গড় বাজারদর তথ্য নিম্নে দেখানো হলো:

**সারণী- ১.২** (টাকায়/কুইন্টাল)

| কৃষিপণ্য / মাস | নভেম্বর/১৯ | নভেম্বর/২০ | নভেম্বর/২১ | নভেম্বর/২২ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|
| **মোটা চাল** | ২৬০২ | ৪১২৭ | ৩৯৭২ | ৪৪৮১ | ৪৪৮৫ |
| **মাঝারি চাল** | ৩৩৫৫ | ৪৬৬৯ | ৪৭০৬ | ৫৫১৮ | ৫২০১ |
| **সরু চাল** | ৪৪৪৫ | ৫২৫২ | ৫৬০১ | ৬৭৬০ | ৬২৪৬ |
| **লাল গম** | ২৫০৫ | ২৫৩৬ | ২৮৪৪ | ৪৭১৪ | ৩৯১৬ |
| **খোলা আটা** | ২৪৯৩ | ২৫৬৯ | ২৯৮৭ | ৫৫৩৮ | ৪১৩০ |
| **ভুট্টা** | ১৮৪৯ | ১৯২৯ | ২৫৪৫ | ৩৭৬৬ | ২৯৫৫ |

তথ্যসূত্রঃ ডিএএম

◈ **নিম্নে মোটা, মাঝারি ও সরু চালের তুলনামূলক পাইকারী বাজারদর গ্রাফে উপস্থাপন করা হলো:**




**৫ বছরের খুচরা গড় বাজারদরের তথ্য নিম্নে দেখানো হলো:**


**সারণী – ১.৩** (টাকায়/কেজি)

| কৃষিপণ্য / মাস | নভেম্বর/১৯ | নভেম্বর/২০ | নভেম্বর/২১ | নভেম্বর/২২ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|
| **মোটা চাল** | ২৮.৫৯ | ৪৩.৬৭ | ৪১.৯৭ | ৪৭.৭৪ | ৪৫.৫২ |
| **মাঝারি চাল** | ৩৬.০২ | ৪৯.১৬ | ৪৯.৭৯ | ৫৮.২৩ | ৫৫.৬২ |
| **সরু চাল** | ৪৭.৩১ | ৫৫.০২ | ৫৯.০১ | ৭১.২১ | ৬৬.৬৯ |
| **লাল গম** | ২৭.৯০ | ২৮.২৯ | ৩০.৯৯ | ৪৯.২৯ | ৪২.৭৭ |
| **খোলা আটা** | ২৭.৩৯ | ২৮.০১ | ৩২.৫০ | ৫৯.০২ | ৪৩.২২ |
| **ভুট্টা** | ২১.২৫ | ২২.৪১ | ২৭.৮২ | ৪০.০৭ | ৩২.৫২ |

তথ্যসূত্রঃ ডিএএম

০৫ বছরের একই সময়ের অর্থাৎ নভেম্বর/২০২৩ মাসের চালের বাজারদর হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পরিস্থিতি নিম্নে গ্রাফের সাহায্যে দেখানো হলো।

❖ **নিম্নে মোটা, মাঝারি ও সরু চালের তুলনামূলক খুচরা বাজারদর গ্রাফে উপস্থাপন করা হলো:**




- গ্রাফে বিগত ৫ বছরের নভেম্বর মাসের তুলনায় ২০২৩ সালের নভেম্বর মাসে মোটা, মাঝারি ও সরু চালের বাজারদরের হ্রাস/বৃদ্ধি দেখানো হয়েছে। নভেম্বর/২০২৩ মাসে সকল প্রকার চালের পাইকারী ও খুচরা পর্যায়ে বাজারদর বৃদ্ধি পেয়েছে।

## ২। বাজারদর প্রবনতা:

➤ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে চাল, গম, আটা ও ভুট্টার জাতীয় পাইকারী ও খুচরা গড় বাজারদরের চিত্র নিম্নরূপঃ

**সারণী – ১.৪** (টাকায়/কুইন্টাল)

| পণ্য | বিবরণ | জুন২৩/ | জুলাই২৩/ | আগষ্ট২৩/ | সেপ্টেম্বর২৩/ | অক্টোবর২৩/ | নভেম্বর২৩/ |
|---|---|---|---|---|---|---|---|
| চাল | মোটা | ৪৩৩২ | ৪২৪১ | ৪৩৩৪ | ৪৩৭৫ | ৪৩৬৪ | ৪৪৮৫ |
| | মাঝারি | ৫১৭৯ | ৫১৪৩ | ৫১৪৯ | ৫২০১ | ৫১২৯ | ৫২০১ |
| | সরু | ৬৩৮২ | ৬৩১৭ | ৬৩৯০ | ৬৩৯৭ | ৬২১০ | ৬২৪৬ |
| গম | লাল | ৪৪৬৭ | ৪৩২১ | ৪২৩৬ | ৪২৮০ | ৪১৮৭ | ৩৯১৬ |
| আটা | খোলা | ৪৭৬৮ | ৪৫৩৭ | ৪৩৩৩ | ৪৩৫০ | ৪২২০ | ৪১৩০ |
| ভুট্টা | রবি | ২৬১৩ | ২৬৭০ | ২৮১৯ | ২৯৮৬ | ৩০৪৩ | ২৯৫৫ |


- এক মাসের ব্যবধানে নভেম্বর/২০২৩ মাসে লাল গম কুইন্টাল প্রতি পাইকারী মূল্য ২৭১/- টাকা, খোলা আটা ৯০/- টাকা এবং ভুট্টা ৮৮/- টাকা হ্রাস পেয়েছে ।


**সারণী – ১.৫** (টাকায়/কেজি)

| পণ্য | বিবরণ | জুন২৩/ | জুলাই২৩/ | আগষ্ট২৩/ | সেপ্টেম্বর২৩/ | অক্টোবর২৩/ | নভেম্বর২৩/ |
|---|---|---|---|---|---|---|---|
| চাল | মোটা | ৪৫.৪১ | ৪৪.৫৮ | ৪৬.৪৬ | ৪৬.৫১ | ৪৪.১৫ | ৪৫.৫২ |
| | মাঝারি | ৫৫.০২ | ৫৪.৮৮ | ৫৪.৯৩ | ৫৫.০০ | ৫৪.৭৯ | ৫৫.৬২ |
| | সরু | ৬৭.৬৪ | ৬৭.০৩ | ৬৭.৪১ | ৬৭.৫১ | ৬৬.১৯ | ৬৬.৬৯ |
| গম | লাল | ৪৯.১৬ | ৪৭.১৭ | ৪৬.০৭ | ৪৬.২৭ | ৪৩.৯১ | ৪২.৭৭ |
| আটা | খোলা | ৫১.৮৪ | ৪৯.৫৩ | ৪৭.৪৫ | ৪৭.৫৮ | ৪৪.৯৯ | ৪৩.২২ |
| ভুট্টা | রবি | ৩০.৮০ | ৩০.৮৮ | ৩১.৮৫ | ৩৪.০১ | ৩৪.৯৮ | ৩২.৫২ |


- এক মাসের ব্যবধানে নভেম্বর/২০২৩ মাসে কেজি প্রতি খুচরা মূল্য লাল গম ১.১৪/- টাকা, খোলা আটা ১.৭৭/- টাকা এবং ভুট্টা ২.৪৬/- টাকা হ্রাস পেয়েছে ।


➢ **নিম্নে গ্রাফে চালের দর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো:**




➢ **নিম্নে গ্রাফে গম, আটা ও ভুট্টার পাইকারী ও খুচরা গড় বাজারদর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো:**





৩। **চাল এর আমদানির তুলনামূলক হালচিত্র:**

**সারণী – ১.৬** **(হাজার মেঃ টন)**

| **চাল** | **জুলাই/২০২৩ হতে নভেম্বর/২০২৩** | **জুলাই/২০২২ হতে জুন/২০২৩** |
|---|---|---|
| সরকারি পর্যায়ে | ০ | ৬৩৩.৯৪ |
| বেসরকারি পর্যায়ে | ০ | ৪২১.৬২ |
| মোট | ০ | ১০৫৫.৫৬ |

**তথ্য সূত্রঃ এফ পি এম ইউ**

➢ **চাল এর আমদানির তুলনামূলক চিত্র**




৪। গম এর আমদানির তুলনামূলক হালচিত্র:

সারণী – ১.৭ (হাজার মেট্রিক টন)

| গম | জুলাই/২০২৩ হতে নভেম্বর/২০২৩ | জুলাই/২০২২ হতে জুন/২০২৩ |
|---|---|---|
| সরকারি পর্যায়ে | ১৬২.৭৯ | ৬৭৯.৬৫ |
| বেসরকারি পর্যায়ে | ১৯৪৪.০৪ | ৩১৯৫.৪৫ |
| মোট | ২১০৬.৮৩ | ৩৮৭৫.১ |

তথ্য সূত্রঃ- Food Planing and Monitoring Unit (FPMU)

➤ গম এর আমদানির তুলনামূলক চিত্র




৫। খাদ্য শস্যের আন্তর্জাতিক বাজার মূল্যঃ

ডলার/মে.টন

| খাদ্যশস্য | নভেম্বর'২০২৩ মাসে মূল্য | এক সপ্তাহ পূর্বের মূল্য ২৯/১১/২০২৩ | এক বৎসর পূর্বের মূল্য নভেম্বর' ২০২২ |
|---|---|---|---|
| চাল | ৫০৫ | ৫০০ | ৩৭০ |
| গম | ২৩৮ | ২৩২ | ৩৩৫ |

উপরোক্ত বাজার মূল্য পর্যালোচনা করলে দেখা যায়, এক সপ্তাহের ব্যবধানে চালের মূল্য ১% বৃদ্ধি পেয়েছে। গমের মূল্য ২.৫৯% বৃদ্ধি পেয়েছে।

৬ । বাজারদর নিয়ন্ত্রিত পর্যায়ে রাখার সম্ভাব্য সুপারিশঃ

- মৌসুমে স্বল্প মূল্যে কৃষি পণ্য বিক্রয়ের (Distress Sale) মাধ্যমে কৃষকরা যাতে ক্ষতির স্বীকার না হন সেলক্ষ্যে শস্য গুদাম ঋণ কার্যক্রম জোরদারকরণ এবং সারা দেশ ব্যাপী সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা।
- সরকারি গোডাউনের ধারণ ক্ষমতা বৃদ্ধিপূর্বক ধানের উৎপাদন ও চাহিদা বিবেচনায় নিয়ে সংগৃহীত ধান সরকারি গোডাউন এবং মিলারদের গোডাউনে সংরক্ষণ করে ক্রাশিং এর ব্যবস্থা করা। কৃষকের কাছ থেকে ধান ক্রয়ের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করা।
- কৃষি যান্ত্রিকীকরণের উপর অধিক জোর দেয়া।
- ধান চালের সরকারী মজুদের ধারণক্ষমতা বাড়ানো।
- ধানের উৎপাদন খরচ হ্রাসের লক্ষ্যে কৃষি উপকরনের উপর ভর্তুকি প্রদানসহ সরকার প্রদত্ত কৃষি সহায়তাসমূহ সরাসরি কৃষকদের নিকট পৌঁছানোর কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- মিল মালিকদের গুদামের ১০% সরকার ব্যবহারের সুযোগ থাকতে হবে।
- মিল মালিক ও আড়তদারগণ অতিরিক্ত মজুদ না রাখে এ জন্য নিয়মিত মনিটরিং করতে হবে।

**ডাল জাতীয় ফসলের মূল্য পরিস্থিতির মাসিক ও বার্ষিক তুলনামূলক পর্যালোচনাঃ**


আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের তালিকায় ডাল একটি গুরুত্বপূর্ন পণ্য। দেশজ উৎপাদন ও আমদানির মাধ্যমে ডালের চাহিদা পূরণ হয়ে থাকে। তাই বাজার মূল্যে বেশ পরিবর্তন লক্ষ্যনীয়। নিয়মিত কার্যক্রমের আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন সদর দপ্তরে সংকলন করা হয়। অক্টোবর'২০২৩ মাসের সাথে রিপোর্টিং মাস নভেম্বর'২০২৩ এবং একই সময় নভেম্বর'২০২৩ মাসের সাথে নভেম্বর'২০২২ মাসের বিভিন্ন প্রকার ডালের পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো।

➤ বিভিন্ন প্রকার ডালের পাইকারী বাজারদর পরিস্থিতি

**সারণী – ১.৮** (টাকা/প্রতি কুইন্টাল)

| ক্রঃ নং | দ্রব্যের নাম | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক দরের হ্রাস বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | | নভেম্বর/২৩ | অক্টোবর /২৩ | নভেম্বর/২২ | | |
| ১ | ডাল-মাশ- গোটা | ১৪২৭২ | ১৪২১৮ | ১১৫১৬ | ০.৩৭% | ২২.৫৩% |
| ২ | ডাল-মাশ-ভাংগা | ১৫৭৩৪ | ১৫১১৩ | ১২১৫৪ | ৪.১১% | ২৯.৪৬% |
| ৩ | ডাল-মসুর-দেশী-গোটা | ১২৩৯৪ | ১২২১৮ | ১২২০০ | ১.৪৪% | ১.৫৯% |
| ৪ | ডাল-মসুর-দেশী-ভাংগা | ১০৯৫৫ | ৯৮৫২ | ১০২৯০ | ১১.২০% | ৬.৪৬% |
| ৫ | ডাল-মসুর-বিদেশী-উন্নমানের | ১০৬৪৩ | ১০৩৪৫ | ১০০১৫ | ২.৮৮% | ৬.২৭% |
| ৬ | ডাল-মুগ-দেশী | ১২০৫১ | ১১৭৫০ | ১১৬৭৬ | ২.৫৬% | ৩.২১% |
| ৭ | ডাল-ছোলা-গোটা | ৮৩২৮ | ৮০৫০ | ৭৫৯৮ | ৩.৪৫% | ৯.৬১% |
| ৮ | ডাল-ছোলা-ভাংগা | ৮৪১৩ | ৮২৪৬ | ৭৬২৮ | ২.০৩% | ১০.২৯% |
| ৯ | ডাল-মটর-দেশী | ৮৮৭০ | ৮৩৭৩ | ৮৯৯১ | ৫.৯৪% | -১.৩৫% |
| ১০ | ডাল-মটর-বিদেশী | ৫৭৮৬ | ৫৭৭৪ | ৬১৮৬ | ০.২১% | -৬.৪৭% |
| ১১ | ডাল-খেসারী | ৭৯৫৭ | ৭২৪০ | ৬৯৮০ | ৯.৯০% | ১৪.০০% |

**রিপোর্টিং মাস নভেম্বর /২০২৩ গত মাস অক্টোবর /২০২৩ ও গত বছর নভেম্বর /২০২২ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্যে দেখানো হলো**



### ১.ক. গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ

উপরের ছকে বর্ণিত তথ্য পর্যালোচনা করে দেখা যায়, পাইকারী পর্যায়ে অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে প্রায় সকল প্রকার ডালের দর বৃদ্ধি পেয়েছে।

### ১.খ. গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ

ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষণে লক্ষ্য করা যায়, পাইকারী পর্যায়ে নভেম্বর'২০২২ মাসের তুলনায় নভেম্বর'২০২৩ মাসে ডাল মাশ গোটা ২২.৫৩%, ডাল মাশ ভাংগা ২৯.৪৬%, ডাল মসুর দেশী গোটা ১.৫৯%, ডাল মসুর দেশী ভাংগা ৬.৪৬% ডাল মসুর বিদেশী উন্নতমানের ৬.২৭%, ডাল মুগ দেশী ৩.২১%,ডাল ছোলা গোটা ৯.৬১%, ডাল ছোলা ভাংগা ১০.২৯%, এবং ডাল খেসারী ১৪.০০% হারে বৃদ্ধি পেয়েছে। এছাড়া ডাল মটর দেশী ১.৩৫% এবং ডাল মটর বিদেশী ৬.৪৭% হারে ডালের দর হ্রাস পেয়েছে।

### ১.গ. বাজারদর হ্রাস বৃদ্ধির কারণঃ

বিদ্যমান বাজারদর পর্যালোচনা করে দেখা যায় অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে বেশীর ভাগ ডালের দাম বৃদ্ধি পেয়েছে এবং নভেম্বর' ২০২২ মাসের তুলনায় নভেম্বর'২০২৩ মাসে বেশীর ভাগ ডালের দাম বৃদ্ধি পেয়েছে । ডলারের মূল্য বৃদ্ধির কারনে আমদানি কম হওয়ায় সরবরাহ কম থাকায় চলতি অর্থবছরে সকল ডালের দাম বৃদ্ধি পেয়েছে।

### ২। বাজারদর প্রবণতাঃ


কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে বিভিন্ন, প্রকার ডালের জাতীয় পাইকারী গড় বাজারদর পরিবর্তনের চিত্র।

**৬ মাসের পাইকারী দামের পরিবর্তনের চিত্র।**

**সারণী – ১.৯** (টাকায়/কুইন্টাল)

| দ্রব্যের নাম | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| ডাল-মাশ-গোটা | ১২৩০৭ | ১৩১৩৯ | ১৩৫০৬ | ১৪০১৮ | ১৪২১৮ | ১৪২৭২ |
| ডাল-মাশ-ভাংগা | ১৩৭৩১ | ১৪৬২৮ | ১৪৯৭৫ | ১৫০৮১ | ১৫১১৩ | ১৫৭৩৪ |
| ডাল-মসুর-দেশী-গোটা | ১২১৯১ | ১২০৬২ | ১২০০১ | ১২১২২ | ১২২১৮ | ১২৩৯৪ |
| ডাল-মসুর-দেশী-ভাংগা | ১০৪৩৯ | ৯৭১১ | ৯৬৫৫ | ৯৭৮৫ | ৯৮৫২ | ১০৯৫৫ |
| ডাল-মসুর-বিদেশী-উন্নমানের | ১০৬৯৭ | ১০০৬৫ | ৯৮৩১ | ১০১৭৯ | ১০৩৪৫ | ১০৬৪৩ |
| ডাল-মুগ-দেশী | ১১৭৪৩ | ১১২৪১ | ১১১৭০ | ১১৩৪২ | ১১৭৫০ | ১২০৫১ |
| ডাল-ছোলা-গোটা | ৮১৫৫ | ৭৯৭৬ | ৭৮৮২ | ৭৯০০ | ৮০৫০ | ৮৩২৮ |
| ডাল-ছোলা-ভাংগা | ৮১৫০ | ৭৯৯১ | ৭৯৩৮ | ৮০৫১ | ৮২৪৬ | ৮৪৭৯ |
| ডাল-মটর-দেশী | ৮৪৫৫ | ৮১৮৬ | ৭৯৮৬ | ৮০২২ | ৮৩৭৩ | ৮৮৭০ |
| ডাল-মটর-বিদেশী | ৬১৫৮ | ৬০১৮ | ৫৭৭৩ | ৫৭৮০ | ৫৭৭৪ | ৫৭৮৬ |
| ডাল-খেসারী | ৭০৪৯ | ৭০৩২ | ৭০৩২ | ৭২২৯ | ৭২৪০ | ৭৯৫৭ |

নিম্নে গ্রাফে জুন' ২০২৩ মাস  হতে নভেম্বর ' ২০২৩ পর্যন্ত  ৬ মাসের পাইকারী দামের হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো।




## ৩. পণ্যঃ ভোজ্য তেল


ভোজ্য তেল নিত্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ পণ্য হিসেবে বিবেচিত। সরিষা, সয়াবিন এবং পাম তেল ভোজ্য তেল হিসেবে উল্লেখযোগ্য। সরিষা আমাদের দেশে উৎপাদন হলেও সয়াবিন এবং পাম তেলের  চাহিদার পুরোটাই আমদানি করে পূরণ করা হয়। আমদানি নির্ভরতা কমানোর লক্ষ্যে আগামী ০৩ বছরের মধ্যে সরিষার উৎপাদন ৪০-৫০% বাড়ানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ভোজ্য তেলের সংকলিত বাজারদর তথ্য পর্যালোচনা পূর্বক অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ এবং গত বছর নভেম্বর' ২০২২ মাসের তুলনায় নভেম্বর' ২০২৩ মাসে বিভিন্ন ধরনের ভোজ্য তেলের মাসিক পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো

### ➤ বিভিন্ন প্রকার ভোজ্য তেলের  পাইকারী বাজারদর পরিস্থিতি

**সারণী – ১.১০** (টাকা/ প্রতি ১০০ লি)

| ক্রঃ নং | দ্রব্যের নাম | চলতি মাস | গত মাস | গত বছর | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | | নভেম্বর/২০২৩ | অক্টোবর /২০২৩ | নভেম্বর/২০২২ | | |
| ১ | তেল-সরিষা-উন্নমানের | ১৯৮২০ | ২০০৭৮ | ২১৬৯৬ | -১.২৮% | -৮.৬৫% |
| ৩ | তেল-সয়াবিন-(খোলা) | ১৫২৯৯ | ১৫২৬৯ | ১৬৯৩৩ | ০.২০% | -৯.৬৫% |
| ৪ | তেল-পাম | ১২২৩৯ | ১২১৮৯ | ১৩৯৪৯ | ০.৪১% | -১২.২৬% |

**রিপোটিং মাস নভেম্বর/২০২৩ গত মাস অক্টোবর /২০২৩ ও গত বছর নভেম্বর /২০২২ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্যে দেখানো হলো**




**৩. ক . গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

উল্লেখিত ছকের তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে তৈল সরিষা উন্নতমানের ১.২৮% হারে হ্রাস পেয়েছে।

**৩. খ . গত বছরের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**


ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, নভেম্বর'২০২২ মাসের তুলনায় নভেম্বর' ২০২৩ মাসে সকল তেলের দাম হ্রাস পেয়েছে।

**৬ মাসের তেল সরিষা উন্নতমানের, তেল সয়াবিন (খোলা) এবং পাম তেল এর পাইকারী দামের পরিবর্তনের চিত্র।**

**সারণী – ১.১১** (টাকায়/লিটার)

| দ্রব্যের নাম | জুন/২০২৩ | জুলাই/২০২৩ | আগষ্ট/২০২৩ | সেপ্টেম্বর/২০২৩ | অক্টোবর/২০২৩ | নভেম্বর/২০২৩ |
|---|---|---|---|---|---|---|
| তেল-সরিষা-উন্নতমানের | ২১১৮৬ | ২১০২০ | ২০৬৩৭ | ২০২৮৬ | ২০০৭৮ | ১৯৮২০ |
| তেল-সয়াবিন-(খোলা) | ১৬৬৪২ | ১৬২৮০ | ১৫৯২৯ | ১৫৫৭২ | ১৫২৬৯ | ১৫২৯৯ |
| তেল-পাম | ১২৭৮৩ | ১২৬২২ | ১২৪৯২ | ১২৩৭৫ | ১২১৮৯ | ১২২৩৯ |

**নিম্নে গ্রাফে জুন' ২০২৩ মাস হতে নভেম্বর ' ২০২৩ পর্যন্ত ৬ মাসের পাইকারী দামের হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো।**




**৩.গ. বাজারদর হ্রাস/বৃদ্ধির কারণঃ**

জুন'২০২৩ মাসের তুলনায় নভেম্বর'২০২৩ মাসে সকল প্রকার তেলের দাম হ্রাস পেয়েছে। আন্তর্জাতিক বাজারে তেলের দাম হ্রাস পাওয়ায় স্থানীয় বাজারে দাম হ্রাস পেয়েছে।

**পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়াঃ**


**বাজারদর পরিস্থিতিঃ** মসলা জাতীয় পণ্য আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের মধ্যে উল্লেখযোগ্য যার গুরুত্ব অপরিসীম। দেশজ উৎপাদন ও আমদানির মাধ্যমে এর চাহিদা পূরন হয়ে থাকে। তাই বাজার মূল্যেও বেশ তারতম্য লক্ষ্য করা যায়। কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন হতে সংকলিত বাজারদর অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর'২০২৩ মাসে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ-দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী ও খুচরা পর্যায়ে জাতীয় গড় মাসিক বাজার দরের হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো।

**সারণী – ১.১২** (টাকায়)


| পণ্যের নাম | পাইকারী (প্রতি কুইন্টাল) | | খুচরা (প্রতি কেজি) | | মাসিক দরের হ্রাস বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|
| | **নভেম্বর/২৩** | **অক্টোবর/২৩** | **নভেম্বর/২৩** | **অক্টোবর/২৩** | প্রতি কুইন্টাল | প্রতি কেজি |
| পেঁয়াজ-দেশী | ১০৬৪৪ | ৭৯৯৭ | ১১৬ | ৮৬ | ৩৩.১০% | ৩৪.৮৮% |
| পেঁয়াজ-বিদেশী | ৯২৭৭ | ৬৭৭৬ | ১০০ | ৬৯ | ৩৬.৯১% | ৪৪.৯৩% |
| রসুন-দেশী | ১৮৫২৪ | ১৮৪৯৫ | ২০৭ | ২০৭ | ০.১৬% | ০.০০% |
| রসুন-বিদেশী | ১৬৭১৪ | ১৭০৯৯ | ১৮৭ | ১৯০ | -২.২৫% | -১.৫৮% |
| শুকনা-মরিচ | ৩৮৯৫৪ | ৩৮৯২৮ | ৪২৮ | ৪২৮ | ০.০৭% | ০.০০% |
| কাঁচা মরিচ | ৯১৩৬ | ১৫১২৩ | ১১২ | ১৭৮ | -৩৯.৫৯% | -৩৭.০৮% |
| আদা-দেশী | ১৯১০৮ | ২০৪৫১ | ২১৬ | ২২৪ | -৬.৫৭% | -৩.৫৭% |
| আদা-বিদেশী | ১৯০১৭ | ১৯১৩১ | ২১৫ | ২১৬ | -০.৬০% | -০.৪৬% |
| হলুদ-গোল | ১৮৭৬৯ | ১৮১৪৯ | ২১১ | ২০৩ | ৩.৪২% | ৩.৯৪% |
| হলুদ-লম্বা | ১৯৪০০ | ১৮৮৩৭ | ২১৪ | ২০৮ | ২.৯৯% | ২.৮৮% |
| ধনিয়া | ১৭৮৯২ | ১৭৮০৯ | ২০১ | ১৯৬ | ০.৪৭% | ২.৫৫% |

**অক্টোবর /২০২৩ ও নভেম্বর/২০২৩ মাসের জাতীয় গড় পাইকারী মূল্য এর পরিবর্তনের চিত্র**

(টাকায়/কুইন্টাল)



**অক্টোবর /২০২৩ ও নভেম্বর/২০২৩ মাসের জাতীয় গড় খুচরা মূল্য এর পরিবর্তনের চিত্র**




**পর্যালোচনাঃ** অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর'২০২৩ মাসে পাইকারী ও খুচরা জাতীয় গড় বাজার দরের হ্রাস/বৃদ্ধির পরিস্থিতি পর্যালোচনা নিম্নরুপ-

- পেঁয়াজ (দেশী) এর দাম অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ৩৩.১০% হারে এবং খুচরা দাম ৩৪.৮৮% হারে বৃদ্ধি পেয়েছে। পেঁয়াজ (বিদেশী) পাইকারী দাম ৩৬.৯১% হারে এবং খুচরা দাম ৪৪.৯৩% হারে বৃদ্ধি পেয়েছে। রসুন (দেশী)পাইকারী ০.১৬% হারে ও খুচরা দাম অপরিবর্তিত রয়েছে। রসুন(বিদেশী) পাইকারী ২.২৫% হারে এবং খুচরা দাম ১.৫৮% হারে হ্রাস পেয়েছে।
- শুকনা মরিচ এর দাম অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ০.০৭% হারে বৃদ্ধি পেয়েছে এবং খুচরা দাম অপরিবর্তিত রয়েছে।
- কাঁচা মরিচ এর দাম অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ৩৯.৫৯% হারে এবং খুচরা দাম ৩৭.০৮%হারে হ্রাস পেয়েছে।
- আদা (দেশী) এর দাম অক্টোবর'২০২৩ মাসের তুলনায় নভেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ৬.৫৭% হারে হ্রাস পেয়েছে ও খুচরা দাম ৩.৫৭% হারে হ্রাস পেয়েছে। আদা (বিদেশী) পাইকারী দাম ০.৬০% হারে ও খুচরা দাম ০.৪৬% হারে হ্রাস পেয়েছে।
- হলুদ (গোল) এর পাইকারী দাম ৩.৪২% হারে এবং খুচরা দাম ৩.৯৪% হারে বৃদ্ধি পেয়েছে। পক্ষান্তরে হলুদ (লম্বা) পাইকারী দাম ২.৯৯% হারে এবং খুচরা দাম ২.৮৮% হারে বৃদ্ধি পেয়েছে।
- ধনিয়ার পাইকারী দাম ০.৪৭% হারে এবং খুচরা দাম ২.৫৫%হারে বৃদ্ধি পেয়েছে।

নভেম্বর'২০২৩ মাসে খুচরা পর্যায়ে পেঁয়াজ বিদেশী এর দাম সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে ৪৪.৯৩%। সর্বনিম্ম বৃদ্ধি পেয়েছে ধনিয়া পুরাতন ২.৫৫%। অন্যদিকে, পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে পেঁয়াজ দেশী দাম ৩৬.৯১% এবং সর্বনিম্ম বৃদ্ধি পেয়েছে শুকনামরিচ ০.০৭%।

**বাজারের গতি প্রবাহঃ**


ক) কৃষি বিপণন অধিদপ্তরের সাপ্তাহিক বাজারদর বুলেটিনের মাধ্যমে বিগত ৬ মাসের সংকলিত জাতীয় গড় বাজারদরের ভিত্তিতে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী বাজারদরের গতি প্রবাহ নিম্নে সারণীর মাধ্যমে উপস্থাপন করা হলো-

**৬ মাসের পাইকারী মূল্য পরিবতর্নের চিত্র/ধারাক্রম**

**সারণী – ১.১৩**

| পণ্যের নাম | জুন/২৩ | জুলাই /২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৬৬৬৯ | ৫৮৭৫ | ৬৬৬৫ | ৬৮৫৮ | ৭৯৯৭ | ১০৬৪৪ |
| পেঁয়াজ-বিদেশী | ৩৭৯৭ | ৩৫৯২ | ৪৮৬৬ | ৫৫৮৫ | ৬৭৭৬ | ৯২৭৭ |
| রসুন-দেশী | ১১৯৮৭ | ১৪৪৮৫ | ১৯০৯৫ | ১৯১০০ | ১৮৪৯৫ | ১৮৫২৪ |
| রসুন-বিদেশী | ১৩৪৯৯ | ১৭০১৮ | ১৯৬১২ | ১৮৭০৪ | ১৭০৯৯ | ১৬৭১৪ |
| শুকনা-মরিচ | ৩৭২৮১ | ৩৮৬৪৬ | ৩৯৩৩৫ | ৩৮৯২১ | ৩৮৯২৮ | ৩৮৯৫৪ |
| কাঁচা মরিচ | ১৪০৫৩ | ২২৬৮৫ | ১৫১৩১ | ১০৬৬৫ | ১৫১২৩ | ৯১৩৬ |
| আদা-দেশী | ২৬৬৪০ | ২৬০০৯ | ২০৭৩২ | ২১০৯৬ | ২০৪৫১ | ১৯১০৮ |
| আদা-বিদেশী | ২৫৮৪৭ | ২১২১২ | ১৬৩২৯ | ১৮৫২৬ | ১৯১৩১ | ১৯০১৭ |
| হলুদ-গোল | ১৩৮০৭ | ১৪৬৪১ | ১৬৪৮৭ | ১৭৬৮৩ | ১৮১৪৯ | ১৮৭৬৯ |
| হলুদ-লম্বা | ১৫১৯৫ | ১৫৬৪৭ | ১৬৬২৩ | ১৮২০২ | ১৮৮৩৭ | ১৯৪০০ |
| ধনিয়া | ১৫৮৬১ | ১৬৪১৭ | ১৬৭৮৮ | ১৭২০০ | ১৭৮০৯ | ১৭৮৯২ |

**জুন’২৩ হতে নভেম্বর/২৩ মাস পর্যন্ত পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী দামের গতি প্রবাহ**





বিগত ৬ মাসের পাইকারী ও খুচরা বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় সকল পণ্য যথাঃ পেঁয়াজ দেশী ও বিদেশী, রসুন দেশী, শুকনা মরিচ, হলুদ গোল ও লম্বা এবং ধনিয়ার দাম বৃদ্ধি পেয়েছে। এছাড়া রসুন বিদেশী, কাঁচা মরিচ, আদা দেশী ও বিদেশী, পণ্যের দাম হ্রাস পেয়েছে।

### ৬ মাসের পাইকারী মূল্য পরিবর্তনের চিত্র/ধারাক্রম

সারণী – ১.১৪

| পণ্যর নাম | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৬৮ | ৬৫ | ৭৩ | ৭৫ | ৮৬ | ১১৬ |
| পেঁয়াজ-বিদেশী | ৪৪ | ৪১ | ৫৫ | ৬২ | ৬৯ | ১০০ |
| রসুন-দেশী | ১৩৯ | ১৬৪ | ২১২ | ২১৫ | ২০৭ | ২০৭ |
| রসুন-বিদেশী | ১৫১ | ১৮৭ | ২১৭ | ২০৭ | ১৯০ | ১৮৭ |
| শুকনা-মরিচ | ৪১৭ | ৪২৭ | ৪২৭ | ৪২৭ | ৪২৮ | ৪২৮ |
| কাঁচা মরিচ | ১৬৫ | ২৬৪ | ১৭৭ | ১২৯ | ১৭৮ | ১১২ |
| আদা-দেশী | ২৮৯ | ২৮৩ | ২৩৪ | ১৪৪ | ২২৪ | ২১৬ |
| আদা--বিদেশী | ২৮৭ | ২৪২ | ১৮৯ | ২১১ | ২১৬ | ২১৫ |
| হলুদ-গোল | ১৫৩ | ১৬৫ | ১৮৭ | ২০১ | ২০৩ | ২১১ |
| হলুদ-লম্বা | ১৭২ | ১৭৭ | ১৯০ | ২০৩ | ২০৮ | ২১৪ |
| ধনিয়া | ১৮০ | ১৮৪ | ১৮৮ | ১৯২ | ১৯৬ | ২০১ |

**জুন'২৩ হতে নভেম্বর/২৩ পযর্ন্ত পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের খুচরা দামের গতি প্রবাহ ।**




বিগত ৬ মাসের পাইকারী ও খুচরা বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় সকল পণ্য যথাঃ পেঁয়াজ দেশী ও বিদেশী, রসুন দেশী ও বিদেশী, শুকনা মরিচ, হলুদ লম্বা এবং ধনিয়ার দাম বৃদ্ধি পেয়েছে। কাঁচা মরিচ, আদা দেশী, আদা বিদেশী, হলুদ গোল এর দাম হ্রাস পেয়েছে। এক্ষেত্রে সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে আদা দেশীর দাম।

## অর্থকরী ফসলের বাজার মূল্য পরিস্থিতির মাসিক পর্যালোচনা প্রতিবেদন (তামাক, পাট ও তুলা)

**সার সংক্ষেপঃ**

২০২২-২০২৩ অর্থ বছরে সামগ্রিক ভাবে ৭৬,০৫০ একর জমিতে তামাকের আবাদ হয় এবং ৬৯,৯৮০ মেঃ টন তামাক উৎপাদন করা যায়। কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। তাপশোধিত এবং বার্লি জাতের তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে মার্চ থেকে জুন মাসের মধ্যে। এরপর দেশি জাতের তামাক ক্রয় বিক্রয় হয়।

অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারি মূল্য -১৭.৯২% হ্রাস পেয়েছে এবং জাতি তামাকের পাইকারী মূল্য ৬.১৪% বৃদ্ধি পেয়েছে। নভেম্বর/২০২২ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারী মূল্য ৩.৩০% বৃদ্ধি পেয়েছে ও জাতি তামাকের পাইকারী মূল্য ১৮.৬৩% বৃদ্ধি পেয়েছে।

অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের খুচরা মূল্য -১০.১১% হ্রাস পেয়েছে এবং জাতি তামাকের খুচরা মূল্য ৬.০৫% বৃদ্ধি পেয়েছে।

অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে পাট (তোষা) এর জাতীয় গড় পাইকারী মূল্য -০.৮৫% হ্রাস পেয়েছে। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় দাম এর চেয়ে এ বৎসরের পাট (তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর -৩৩.৭৯% হ্রাস পেয়েছে।

অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার পাইকারী মূল্য ৪.৩১% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ১১.৫৩% হ্রাস পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার পাইকারী মূল্য ৬.৮৯% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ৩০.৮৯% বৃদ্ধি পেয়েছে।

অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার খুচরা মূল্য ৩.৩.১৩বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ৫.৮৩% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার খুচরা মূল্য ৩.৯৯% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ১২.৯৫% বৃদ্ধি পেয়েছে।


**পণ্যঃ তামাক**

ভিন্ন তামাক কোম্পানী, রংপুর তামাক ব্যবসায়ী সমিতি ও মাঠ পর্যায়ের অফিস সমূহ হতে প্রাপ্ত তথ্য মতে ২০২১-২০২২ অর্থ বছরে সামগ্রিক ভাবে ১,১২,৯২৭ একর জমিতে তামাকের আবাদ হয় এবং ৯১,৫৭৩ মেঃ টন তামাক উৎপাদন হয়। কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। তাপশোধিত এবং বার্লি জাতের, যা সরাসরি তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে। কৃষি মূল্য উপদেষ্টা কমিটি কর্তৃক চাষী পর্যায় হতে ক্রয়ের জন্য প্রতি বছর তামাক ফসলের সর্বনিম্ন মূল্য নির্ধারণ করে দেয়া হয়। দেশী তামাকের কেনাবেচা খোলা বাজার হতে সম্পাদিত হয় এবং এর মধ্যে মতিহার, জাতি ও ডিভি তামাকের পরিমাণই বেশী। কিছু পরিমাণ বাংলাদেশের গুরুত্বপূর্ণ ১০টি জেলা হতে প্রাপ্ত মতিহার ও জাতি তামাক এর পাইকারি গড় বাজার দর এর ভিত্তিতে মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস-বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা নীচে প্রদত্ত হলো।

## তামাক ফসলের পাইকারি মুল্য পরিস্থিতি

**সারণী – ১.১৫** টাকা/কুইন্টাল

| পণ্যের নাম | নভেম্বর/২০২৩ | অক্টোবর/২০২৩ | নভেম্বর/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| মতিহার | ১৩০৭২ | ১৫৯২৫ | ১২৬৫৫ | -১৭.৯২% | ৩.৩০% |
| জাতি | ২০১৬৭ | ১৯০০০ | ১৭০০০ | ৬.১৪% | ১৮.৬৩% |





অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারি মূল্য -১৭.৯২% হ্রাস পেয়েছে এবং জাতি তামাকের পাইকারী মূল্য ৬.১৪% বৃদ্ধি পেয়েছে। নভেম্বর/২০২২ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারী মূল্য ৩.৩০% বৃদ্ধি পেয়েছে ও জাতি তামাকের পাইকারী মূল্য ১৮.৬৩% বৃদ্ধি পেয়েছে।

**অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে তামাকের বাজার মুল্যের তুলনাঃ**

**তামাক ফসলের খুচরা মূল্য পরিস্থিতি**

**সারণী – ১.১৬** টাকা/কেজি

| পণ্যের নাম | নভেম্বর/২০২৩ | অক্টোবর/২০২৩ | মাসিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মতিহার | ১৬০.০০ | ১৭৮.০০ | -১০.১১% |
| জাতি | ২২৮.০০ | ২১৫.০০ | ৬.০৫% |




**তামাকের সরকার নির্ধারিত মূল্য-এর সাথে বাজার মূল্যের তুলনা'র চিত্র**

অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের খুচরা মূল্য -১০.১১% হ্রাস পেয়েছে এবং জাতি তামাকের খুচরা মূল্য ৬.০৫% বৃদ্ধি পেয়েছে।


**পাটঃ**

প্রধান তিনটি আঁশ ফসল হলো পাট, কেনাফ ও মেস্তা। এদের মধ্যে পাট প্রধান অর্থকরী ফসল। পাটের দুইটি প্রজাতি-দেশী ও তোষা। দেশী পাটের ফল গোলাকার ও পাতার স্বাদ তিতা। তোষা পাটের ফল লম্বা এবং পাতার স্বাদ তিতা নয়। পাট উৎপাদনে অগ্রগামী জেলাগুলো হলো- ফরিদপুর, যশোর, ঢাকা, টাঙ্গাইল, কুষ্টিয়া, জামালপুর ও পাবনা। পাটের আঁশ থেকে পাটের সুতা, ব্যাগ, বস্তা, পর্দা, কার্পেট ও সংশ্লিষ্ট পণ্য তারপুলিন, প্যাকিং দ্রব্যাদি উৎপাদিত হয়। এছাড়াও পার্টিকেল বোর্ড, পাট-প্লাস্টিক ও অনুরূপ দ্রব্য তৈরিতে পাটের ব্যবহার হচ্ছে। কৃষকের জ্বালানির সিংহভাগই আসে পাটখড়ি থেকে। পাটের পাতা শাক হিসেবে ব্যবহার হয় এবং খুবই সুস্বাদু। দেশের শতকরা ৬০ ভাগ কৃষক পাট চাষ করে জীবিকা নির্বাহ করে। দেশে উৎপাদিত পাটের শতকরা ৭০ ভাগ দেশে ব্যবহার হয়, ৩০ ভাগ কাঁচা পাট ও পাটজাত দ্রব্য হিসেবে রপ্তানী হয়।

**পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য পরিস্থিতি**

**সারণী – ১.১৭** (টাকা/কুইন্টাল)

| পণ্যের নাম | নভেম্বর/২০২৩ | অক্টোবর/২০২৩ | নভেম্বর/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| পাট (তোষা) | ৫১৩১ | ৫১৭৫ | ৭৭৫০ | -০.৮৫% | -৩৩.৭৯% |
| তুলা (শিমুল) | ৪১৮৮৪ | ৪০১৫৪ | ৩৯১৮৩ | ৪.৩১% | ৬.৮৯% |
| তুলা (কার্পাস) | ১৯৯১৩ | ১৭৮৫৪ | ১৫২১৪ | ১১.৫৩% | ৩০.৮৯% |




**পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য চিত্র**

**পাটঃ** অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে পাট (তোষা) এর জাতীয় গড় পাইকারী মূল্য -০.৮৫% হ্রাস পেয়েছে। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় দাম এর চেয়ে এ বৎসরের পাট (তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর -৩৩.৭৯% হ্রাস পেয়েছে।


**তুলাঃ** অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার পাইকারী মূল্য ৪.৩১% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ১১.৫৩% হ্রাস পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার পাইকারী মূল্য ৬.৮৯% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ৩০.৮৯% বৃদ্ধি পেয়েছে।

## তুলা ফসলের খুচরা মূল্য পরিস্থিতি

**সারণী – ১.১৮** (টাকা/কেজি)

| পণ্যের নাম | নভেম্বর/২০২৩ | অক্টোবর/২০২৩ | নভেম্বর/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| তুলা (শিমুল) | ৪৯৫.০০ | ৪৮০.০০ | ৪৭৬.০০ | ৩.১৩% | ৩.৯৯% |
| তুলা (কার্পাস) | ২১৮.০০ | ২০৬.০০ | ১৯৩.০০ | ৫.৮৩% | ১২.৯৫% |

**তুলা ফসলের খুচরা মূল্য চিত্র**




**পাটঃ** জেলা পর্যায়ের বিভিন্ন বাজারে পাট-এর খুচরা পর্যায়ে বিক্রয় না হওয়ার কারণে তুলনামূলক বাজার দর-এ খুচরা মূল্য দেখানো হয়নি।

**তুলাঃ** অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার খুচরা মূল্য ৩.১৩বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ৫.৮৩% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার খুচরা মূল্য ৩.৯৯% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ১২.৯৫% বৃদ্ধি পেয়েছে।

**কতিপয় প্রাণি সম্পদ ও মৎস্য সম্পদের জাতীয় পাইকারী গড় বাজারদরের মাসিক ও বার্ষিক হ্রাস-বৃদ্ধির পর্যালোচনা প্রতিবেদনঃ**

**সারণী – ১.১৯** (টাকা/কুইন্টাল)


| পণ্যের নাম | গত মাস: | চলতি মাস | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি (%) | গত বছর | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি (%) |
|---|---|---|---|---|---|
| | অক্টোবর /২০২৩ | নভেম্বর/২০২৩ | | নভেম্বর /২০২২ | |
| মোরগ-মুরগী-দেশি (বড়) | ৪৫৬৭৬ | ৪৫২০১ | -১.০৪% | ৪০৯৯৬ | ১০.২৬% |
| মোরগ-মুরগী-দেশি (মাঝারী) | ৪৪৫৫৪ | ৪৪৩২০ | -০.৫৩% | ৪০২৯৬ | ৯.৯৯% |
| মোরগ-মুরগী-(ফার্ম) | ১৬৬১৮ | ১৫৬৩৩ | -৫.৯৩% | ১৪৭৭০ | ৫.৮৪% |
| গরুর মাংস | ৭০২১০ | ৬৮৬৩২ | -২.২৫% | ৬০৩০৯ | ১৩.৮০% |
| খাসীর মাংস | ৯২২৬৬ | ৯২৯৯০ | ০.৭৮% | ৮০৫৩৫ | ১৫.৪৭% |
| ডিম-মুরগী-দেশী (১০০)টি | ১৫৬১ | ১৫৪৬ | -০.৯৬% | ১৪৭০ | ৫.১৭% |
| ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ১১৭৬ | ১০৪৪ | -১১.২২% | ৯৯৭ | ৪.৭১% |
| মাছ রুই (মাঝারী) | ৩৬৬৯৭ | ৩৬৮৫৪ | ০.৪৩% | ৩১৩৩৮ | ১৭.৬০% |
| মাছ রুই ( ছোট) | ২৯৫৩৬ | ২৯১৬৮ | -১.২৫% | ২৫৫৪৯ | ১৪.১৬% |
| মাছ কাতল (মাঝারী) | ৩৪৯০৪ | ৩৪৯৪৮ | ০.১৩% | ২৯৬৯৩ | ১৭.৭০% |
| মাছ কাতল (ছোট) | ২৮১১০ | ২৭৫৭৩ | -১.৯১% | ২৩২৭৩ | ১৮.৪৮% |
| মাছ পাংগাস(ছোট) | ১৫৬২৭ | ১৫১৯৬ | -২.৭৬% | ১২৯৮১ | ১৭.০৬% |
| মাছ ইলিশ | ৯২৯০৭ | ৮৫৯১৩ | -৭.৫৩% | ৭৬৭৮৭ | ১১.৮৮% |
| মাছ সিলভার কার্প | ১৭৫৮৩ | ১৭৪৩০ | -০.৮৭% | ১৪৫৬৬ | ১৯.৬৬% |

**অক্টোবর /২০২৩ এর তুলনায় নভেম্বর /২০২৩ এর পণ্য মূল্যের মাসিক হ্রাস বৃদ্বির হারঃ**

**সারণী – ১.২০** **টাকা/কুইন্টাল**

| হ্রাসকৃত পণ্যের নাম | হ্রাসের হার (%) | বৃদ্বিপ্রাপ্ত পণ্যের নাম | বৃদ্বির হার (%) |
|---|---|---|---|
| মোরগ-মুরগী-দেশি (বড়) | ১.০৪% | খাসীর মাংস | ০.৭৮% |
| মোরগ-মুরগী-দেশি (মাঝারী) | ০.৫৩% | মাছ রুই (মাঝারী) | ০.৪৩% |
| মোরগ-মুরগী-(ফার্ম) | ৫.৯৩% | মাছ কাতল (মাঝারী) | ০.১৩% |
| গরুর মাংস | ২.২৫% | | |
| ডিম-মুরগী-দেশী (১০০)টি | ০.৯৬% | | |
| ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ১১.২২% | | |
| মাছ রুই ( ছোট) | ১.২৫% | | |
| মাছ কাতল (ছোট) | ১.৯১% | | |
| মাছ পাংগাস(ছোট) | ২.৭৬% | | |
| মাছ ইলিশ | ৭.৫৩% | | |

**অক্টোবর /২০২৩ মাসের তুলনায় নভেম্বর /২০২৩ মাসের পণ্যে মূল্যের হ্রাস বৃদ্ধির পার্থক্য নিম্নে গ্রাফের সাহায্যে দেখানো হলোঃ**




অক্টোবর /২০২৩ মাসের তুলনায় নভেম্বর /২০২৩ এর মাসের তুলনামূলক বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় যে, খাসীর মাংশ ০.৭৮%, কাতল (মাঝারী) ০.৪৩%, মাছ রুই (মাঝারী) ০.৪৩%, এর মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে।

অক্টোবর /২০২৩ মাসের তুলনায় নভেম্বর /২০২৩ এর মাসের তুলনামূলক বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় যে মোরগ-মুরগী-দেশি (বড়) ১.০৪%,মোরগ-মুরগী-দেশি (মাঝারী ০.৫৩%,মোরগ-মুরগী-(ফার্ম ৫.৯৩% গরুর মাংস ২.২৫%, ডিম-মুরগী-দেশী(১০০)টি ০.৯৬%, ডিম-মুরগী-ফার্ম ) ১১.২২%, রুই (ছোট) ১.০২%,কাতল (ছোট) ১.৯১% পাঙ্গাস (ছোট)) ২.৭৬%, মাছ ইলিশ ৭. ৫৩ %, সিলভার কার্প ০.৮৭%, এর মূল্য সামান্য হ্রাস পেয়েছে।

**<u>বৃদ্ধির কারণঃ</u>**

১. চাহিদার তুলনায় সরবরাহ কম;

২. নিত্য প্রয়োজনীয় অন্যান্য সকল পণ্যের দাম বেশি হওয়ায় তার প্রভাব পড়েছে এসব পণ্যে;

৩. পরিবহন খরচ অস্বাভাবিকভাবে বাড়ায় তার প্রভাব পড়েছে উক্ত পন্যের বাজার মূল্যে;

৪ . শ্রমিক ও বিদ্যুৎ খরচসহ আনুষঙ্গিক সকল প্রকার খামার ব্যবস্থাপনা ব্যয় বৃদ্ধি পেয়েছে;

৫. ফিডের মূল্য বৃদ্ধি, বড় কর্পোরেট ব্যবসায়ীদের ,ছোট খামারিদেরকে বাচ্চা কিনতে বাধ্য করা,ফিড কিনতে বাধ্য করা, পরবর্তীতে কোম্পানির কাছে বিক্রি করতে বাধ্য করা হয়। ফলে কোম্পানির ইচ্ছা অনুযায়ী প্রাণিসম্পদ ক্যাটাগরির (মুরগী) পণ্যের দাম বৃদ্ধি পায়।

**<u>হ্রাসের কারণঃ</u>**

**হ্রাসের** কারণগুলো নিচে দেওয়া হলো।


১. এইসব পণ্যের সরবরাহ স্বাভাবিক থাকার ফলে এবং চহিদা তুলনামূলক কম থাকার কারণে মূল্য কিছুটা হ্রাস পেয়েছে।

নভেম্বর/ **২০২২ এর তুলনা** নভেম্বর **/ ২০২৩ এর পণ্য মূল্যের বাৎসরিক হ্রাস বৃদ্বির হারঃ**

**সারণী – ১.২১** (টাকা/কুইন্টাল)

| হ্রাসকৃত পণ্যের নাম | হ্রাসের হার (%) | বৃদ্ধি প্রাপ্ত পণ্যের নাম | বৃদ্ধির হার (%) |
|---|---|---|---|
| | | মোরগ-মুরগী-দেশি (বড়) | ১০.২৬% |
| | | মোরগ-মুরগী-(মাঝারী) | ৯.৯৯% |
| | | মোরগ-মুরগী-(ফার্ম) | ৫.৮৪% |
| | | গরুর মাংস | ১৩.৮০% |
| | | খাসীর মাংস | ১৫.৪৭% |
| | | ডিম-মুরগী-দেশী (১০০) টি | ৫.১৭% |
| | | ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ৪.৭১% |
| | | মাছ রুই (মাঝারী) | ১৭.৬০% |
| | | মাছ রুই ( ছোট) | ১৪.১৬% |
| | | মাছ কাতল (মাঝারী) | ১৭.৭০% |
| | | মাছ কাতল (ছোট) | ১৮.৪৮% |
| | | মাছ পাঙ্গাস (ছোট) | ১৭.০৬% |
| | | মাছ ইলিশ | ১১.৮৮% |
| | | মাছ সিলভার কার্প | ১৯.৬৬% |

**নভেম্বর / ২০২২ এর তুলনায় নভেম্বর / ২০২৩ মাসের পণ্যে মূল্যের বাৎসরিক হ্রাস বৃদ্ধির পার্থক্য নিম্নে গ্রাফের সাহায্যে দেখানো হলোঃ**




নভেম্বর/ ২০২২ এর তূলনা নভেম্বর / ২০২৩ মাসের বাৎসরিক তুলনামূলক পর্যালোচনায় করলে দেখা যায় যে, মোরগ-মুরগী-দেশি (বড়) **১১.২৬%,** মোরগ-মুরগী-দেশি (মাঝারী) ৯.৯৯ **%,** মোরগ-মুরগী-(ফার্ম) **৫.৮৪%,** গরুর মাংস **১৩.৮৪%,** খাসীর মাংস **১৫.৪৭.%,** ডিম-মুরগী-দেশী (১০০)টি **৫.১৭%,**ডিম-মুরগী-ফার্ম (১০০), **৪.৭১%,** মাছ রুই (মাঝারী) **১৭.৬০%,** মাছ রুই (ছোট) **১৪.১৬.%,** মাছ কাতল (মাঝারী) **১৭.৭০%,** মাছ কাতল (ছোট) **১৮.৪৮%,** পাংগাস (ছোট)**) ১৭.০৬%,** মাছ ইলিশ **১১.৮৮%,** মাছ সিলভার কার্প **১৯.৪৬৬%,** এর মূল্য উল্লেখিত হারে বৃদ্ধি পেয়েছে।

**<u>বৃদ্ধির কারণঃ</u>**

নভেম্বর **/ ২০২২ এর তূলনা** নভেম্বর **/ ২০২৩** মাসের বাৎসরিক তুলনামূলক পর্যালোচনায় করলে দেখা যায় যে, সকল মৎস্য ও প্রাণি সম্পদের মূল্য বৃদ্ধি পেয়েছে। বৃদ্ধির কারণগুলো নিচে দেওয়া হলো।

১. চাহিদার তুলনায় সরবরাহ কম।

২. নিত্য প্রয়োজনীয় অন্যান্য সকল পণ্যের দাম বেশি হওয়ায় তার প্রভাব পড়েছে এসব পণ্যে

৩. মাছ ও পশু খাদ্যের মূল্য অস্বাভাবিকহারে বৃদ্ধি।

৪. পরিবহন খরচ অস্বাভাবিকভাবে বাড়ায় তার প্রভাব পড়েছে উক্ত পন্যের বাজার মূল্যে।

৫. শ্রমিক ও বিদ্যুৎ খরচসহ আনুষঙ্গিক সকল প্রকার খামার ব্যবস্থাপনা ব্যয় বৃদ্ধি পেয়েছে।

৬. ফিডের মূল্য বৃদ্ধি, বড় কর্পোরেট ব্যবসায়ীদের ,ছোট খামারিদেরকে বাচ্চা কিনতে বাধ্য করা,ফিড কিনতে বাধ্য করা, পরবর্তীতে কোম্পানির কাছে বিক্রি করতে বাধ্য করা হয়। ফলে কোম্পানির ইচ্ছা অনুযায়ী প্রাণিসম্পদ ক্যাটাগরির (মুরগী-ফার্ম, মাছ জাতিয়) পণ্যের দাম বৃদ্ধি পায়।

## রিপোর্টিং মাসঃ নভেম্বর /২০২৩ মাসের কতিপয় পণ্যের সর্বোচ্চ ও সর্বনিম্ন বাজার দরঃ

**সারণী – ১.২২** টাকায় (কুইন্টাল/প্রতিশত)

| পণ্যের নাম | সর্বোচ্চ দর | | সর্বনিম্ন দর | |
|---|---|---|---|---|
| | জেলার নাম | টাকা | জেলার নাম | টাকা |
| মোরগ-মুরগী-(ফার্ম) | চুয়াডাংগা | ১৭৭৫০ | নড়াইল | ১৩২৫০ |
| গরুর মাংস | নোয়াখালি | ৭৭৭৫০ | যশোর | ৩৭৭৫০ |
| খাসীর মাংস | নোয়াখালি | ১০৫০০০ | টাংগাইল | ৭৭৫০০ |
| মুরগীর- ডিম ফার্ম ১০০)টি | বান্দরবন | ১২৫৫ | যশোর | ৮৫৫ |
| রুই মাছ (মাঝারী)দেশী | কাপ্তাই | ৫২৭৫০ | বরগুনা | ২৫৫০০ |
| ইলিশ মাছ (৬০০-৭০০গ্রাম) | সিলেট | ১২৭৫০০ | কুষ্টিয়া(৪০০-৫০০গ্রাম) | ৫৮৫০০ |

## শাক-সবজির বাজার মূল্য পরিস্থিতির মাসিক/বার্ষিক তুলনামুলক পর্যালোচনা প্রতিবেদন।

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন জেলা থেকে সংগৃহীত সাপ্তাহিক বাজার দরের ভিত্তিতে সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্যানুযায়ী শাক-সবজির নভেম্বর/২০২৩ খ্রি: মাসের মাসিক ও বার্ষিক মূল্য হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা প্রতিবেদন নিম্নরূপ:

### ১। নভেম্বর/২০২৩ মাসে শাকসবজির পাইকারী ও খুচরা মূল্যের সার্বিক পরিস্থিতি


**নভেম্বর/২০২৩ মাসে শাক-সবজির পাইকারী ও খুচরা মূল্যের শতকরা (%) হ্রাস/বৃদ্ধি**

**সারণী – ১.২৩**

| ক্রঃ নং | পণ্যের নাম | পাইকারী (পরিমাণঃ প্রতি কুইঃ) | | | | | খুচরা (পরিমাণঃ প্রতি কেজি) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) |
| | | নভেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২২ | | | নভেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২২ | | |
| ১ | আলু দেশী | ৫,৩৫২ | ৪,৯৯৬ | ২,৯৫৪ | ৭.১১% | ৮১.১৭% | ৫৯.৪৭ | ৫৫.৭২ | ৩৫.৪৮ | ৬.৭৪% | ৬৭.৬২% |
| ২ | আলু হল্যান্ড সাদা | ৪,৩৩০ | ৪,১১৮ | ২,১৫১ | ৫.১৬% | ১০১.৩২% | ৪৮.৯১ | ৪৫.৭৯ | ২৫.৮১ | ৬.৮২% | ৮৯.৫১% |
| ৩ | আলু হল্যান্ড লাল | ৪,৩৪৪ | ৪,১৫৩ | ২,১৬৯ | ৪.৬০% | ১০০.২৮% | ৪৮.৪৩ | ৪৬.৩১ | ২৬.০৪ | ৪.৫৭% | ৮৫.৯৯% |
| ৪ | বেগুন (লম্বা) | ৩,৪৭৭ | ৫,১৪৩ | ২,৯০২ | -৩২.৩৯% | ১৯.৮৩% | ৪৩.২৮ | ৬২.০১ | ৩৬.৬৩ | -৩০.২০% | ১৮.১৭% |
| ৫ | বেগুন (গোল) | ৩,৯৮৩ | ৬,০৮০ | ২,২৬৯ | -৩৪.৪৯% | ৭৫.৫৫% | ৪৯.৪২ | ৭১.৮১ | ৪২.৫৫ | -৩১.১৮% | ১৬.১৫% |
| ৬ | পটল | ৩,৫৪৮ | ৪,৪৬১ | ২,৯০১ | -২০.৪৭% | ২২.৩১% | ৪৩.৭৮ | ৫৩.৯৯ | ৩৭.০৭ | -১৮.৯১% | ১৮.০৯% |
| ৭ | চালকুমড়া(১০০টি/প্রতিটি ) | ২,৯২০ | ২,৯৯৫ | ২,৩৩৭ | -২.৪৯% | ২৪.৯৬% | ৩৭.৯০ | ৩৮.৩০ | ৩০.৫০ | -১.০৫% | ২৪.২৫% |
| ৮ | মিষ্টিকুমড়া | ৩,৩১৮ | ৩,২৯২ | ২,৮১১ | ০.৭৯% | ১৮.০৪% | ৪১.১০ | ৪১.১৮ | ৩৫.১২ | -০.১৭% | ১৭.০৪% |
| ৯ | লাউ (১০০টি/প্রতিটি) | ৩,২২২ | ৩,৫৩৯ | ২,৯৪৯ | -৮.৯৮% | ৯.২৫% | ৪১.৮১ | ৪৫.৮২ | ৩৮.৭৮ | -৮.৭৬% | ৭.৮০% |
| ১০ | উচ্ছে | ৪,৭৯১ | ৬,০৭১ | ৪,৭১৯ | -২১.০৮% | ১.৫৩% | ৫৭.৫৭ | ৭২.৭৭ | ৫৮.০১ | -২০.৮৯% | -০.৭৬% |
| ১১ | করলা | ৪,৬২৬ | ৬,০৪৩ | ৪,৪৮৩ | -২৩.৪৫% | ৩.২০% | ৫৫.৮৪ | ৭১.৯৬ | ৫৪.৭৩ | -২২.৪১% | ২.০২% |
| ১২ | কাঁচা পেঁপে | ১,৯৩৯ | ১,৯৪৩ | ১,৫৭৪ | -০.২২% | ২৩.১৭% | ২৬.৪৪ | ২৬.৫১ | ২১.৫৪ | -০.২৭% | ২২.৭৩% |
| ১৩ | মুখিকচু | ৫,৬০৪ | ৬,০৮৯ | ৩,৮১১ | -৭.৯৬% | ৪৭.০৬% | ৬৬.৪৪ | ৭১.৭৮ | ৪৬.৮০ | -৭.৪৪% | ৪১.৯৬% |
| ১৪ | কচুরলতি | ৪,৪৬৩ | ৪,৮৮০ | ২,৯০৩ | -৮.৫৫% | ৫৩.৭৩% | ৫৫.৩৩ | ৫৯.১০ | ৪৮.০৭ | -৬.৩৮% | ১৫.১১% |
| ১৫ | ঢেঁড়স | ৩,৮৭৩ | ৪,৪৫৯ | ৩,৬৪২ | -১৩.১৬% | ৬.৩৩% | ৪৭.৯৬ | ৫৪.৯৫ | ৪৪.০০ | -১২.৭৩% | ৯.০০% |
| ১৬ | শসা | ২,৯৮৭ | ৩,৯৮৮ | ৪,০৯৭ | -২৫.১০% | -২৭.১০% | ৩৮.৫০ | ৪৯.৬৬ | ৫০.৫১ | -২২.৪৭% | -২৩.৭৮% |
| ১৭ | ক্ষিরা | ৩,২৬৮ | ৪,১৫৬ | ৪,৩০৭ | -২১.৩৫% | -২৪.১১% | ৪১.৩০ | ৫০.১৬ | ৪১.১৭ | -১৭.৬৬% | ০.৩২% |
| ১৮ | বরবটি | ৪,৭২৭ | ৫,৯৬৭ | ৪,৩২০ | -২০.৭৭% | ৯.৪৩% | ৫৭.১১ | ৭১.২৩ | ৫২.৩৩ | -১৯.৮২% | ৯.১৪% |
| ১৯ | টমেটো-পাঁকা | ৮,৫০৯ | ৮,১৪৫ | ৮,১৬২ | ৪.৪৭% | ৪.২৬% | ১০২.৬৪ | ৯৯.১২ | ৯৮.৪২ | ৩.৫৪% | ৪.২৮% |
| ২০ | ঝিংগা | ৩,৯৯৭ | ৪,৪৯৫ | ৩,৪৬৮ | -১১.০৮% | ১৫.২৫% | ৪৮.৩৬ | ৫৪.৩০ | ৪৩.১৪ | -১০.৯৪% | ১২.০৯% |
| ২১ | চিচিংগা | ৩,৬৩৪ | ৪,০৩৫ | ৩,৩৫৯ | -৯.৯৩% | ৮.১৯% | ৪৫.৩২ | ৪৯.৪৫ | ৪১.৬৫ | -৮.৩৫% | ৮.৮২% |
| ২২ | ধুন্দল | ৩,১৭১ | ৩,৪১০ | ২,৬৩১ | -৬.৯৯% | ২০.৫৩% | ৪০.৬৬ | ৪৩.৩৯ | ৩৪.৮৫ | -৬.৩০% | ১৬.৬৬% |
| ২৩ | লালশাক | ২,৪৮৩ | ২,৯৬৩ | ২,২৪০ | -১৬.২১% | ১০.৮৩% | ৩৩.২৪ | ৩৯.৫০ | ৩০.০৩ | -১৫.৮৪% | ১০.৭০% |
| ২৪ | পালংশাক | ২,৬১৮ | ৩,৩৯৪ | ২,৪৩৩ | -২২.৮৫% | ৭.৬১% | ৩৪.৮৩ | ৪৬.৯৬ | ৩৩.১০ | -২৫.৮২% | ৫.২৪% |
| ২৫ | পুঁইশাক | ২,০৭১ | ২,০৯৭ | ১,৭৭৪ | -১.২৪% | ১৬.৭৬% | ২৭.৭৬ | ২৮.২৩ | ২৪.৮৪ | -১.৬৭% | ১১.৭৪% |
| ২৬ | ডাটা | ২,২৯০ | ২,১৬৭ | ১,৮২২ | ৫.৬৬% | ২৫.৬৭% | ৩০.২৩ | ২৯.৬১ | ২৬.৬৫ | ২.১০% | ১৩.৪২% |
| ২৭ | গাজর | ৮,৫৭১ | ৯,২৬৯ | ৭,৯০৫ | -৭.৫৪% | ৮.৪২% | ৯২.০৮ | ১১০.২১ | ৯৪.৪০ | -১৬.৪৫% | -২.৪৫% |
| ২৮ | কাঁচাকলা (৮০টি/৪টি) | ৫১৭ | ৪৯৬ | ৩৯৮ | ৪.৩১% | ২৯.৯৪% | ৩০.০১ | ৩০.৭৪ | ২৭.৭২ | -২.৩৮% | ৮.২৫% |
| ২৯ | মূলা | ২,৫১৭ | ৩,৮৪৮ | ২,০৭৭ | -৩৪.৬০% | ২১.১৬% | ৩৩.১১ | ৪৭.৬৪ | ২৭.৯৫ | -৩০.৪৯% | ১৮.৪৮% |

## গত মাসের তুলনায় সর্বোচ্চ বৃদ্ধিপ্রাপ্ত ও হ্রাসপ্রাপ্ত শাক সবজি


### পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধিপ্রাপ্ত ৫টি পণ্যঃ




| | আলু দেশী | ডাটা | আলু হল্যান্ড সাদা | আলু হল্যান্ড লাল | টমেটো-পাঁকা |
|---|---|---|---|---|---|
| নভেম্বর/২৩ | ৫,৩৫২ | ২,২৯০ | ৪,৩৩০ | ৪,৩৪৪ | ৮,৫০৯ |
| অক্টোবর/২৩ | ৪,৯৯৬ | ২,১৬৭ | ৪,১১৮ | ৪,১৫৩ | ৮,১৪৫ |

শাকসবজির বাজারদর তুলনা করতে গিয়ে পরিলক্ষিত হয় যে, গত অক্টোবর/২৩ মাসের তুলনায় নভেম্বর/২৩ মাসে পাইকারী পর্যায়ে আলু দেশী ৭.১১%, ডাটা ৫.৬৬%, আলু হল্যান্ড সাদা ৫.১৬%, আলু হল্যান্ড লাল ৪.৬০% ও টমেটো পাঁকা ৪.৪৭% বৃদ্ধি পেয়েছে। এসকল সবজি সরবরাহ কম থাকায় মূল্য বৃদ্ধি পেয়েছে।


### পাইকারী পর্যায়ে সর্বোচ্চ হ্রাসপ্রাপ্ত ৫টি পণ্যঃ




| | মূলা | বেগুন (গোল) | বেগুন (লম্বা) | শসা | করলা |
|---|---|---|---|---|---|
| নভেম্বর/২৩ | ২,৫১৭ | ৩,৯৮৩ | ৩,৪৭৭ | ২,৯৮৭ | ৪,৬২৬ |
| অক্টোবর/২৩ | ৩,৮৪৮ | ৬,০৮০ | ৫,১৪৩ | ৩,৯৮৮ | ৬,০৪৩ |

অক্টোবর/২৩ মাসের তুলনায় নভেম্ব/২৩ মাসে মূলা, ৩৪.৬০%, বেগুন (গোল ৩৪.৪৯%, বেগুন (লম্বা) ৩২.৩৯%, শসা ২৫.১০% ও করলা ২৩.৪৫% পর্যন্ত পাইকারী পর্যায়ে কমেছে। উল্লেখিত পণ্য অক্টোবর মাসের তুলনায় নভেম্বর মাসে বাজারে সরবরাহ বৃদ্ধি পাওয়ায় মূল্য হ্রাস পেয়েছে।


### খুচরা পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধিপ্রাপ্ত ৫টি পণ্যঃ




| | আলু হল্যান্ড সাদা | আলু দেশী | আলু হল্যান্ড লাল | টমেটো-পাঁকা | ডাটা |
|---|---|---|---|---|---|
| নভেম্বর/২৩ | ৪৮.৯১ | ৫৯.৪৭ | ৪৮.৪৩ | ১০২.৬৪ | ৩০.২৩ |
| অক্টোবর/২৩ | ৪৫.৭৯ | ৫৫.৭২ | ৪৬.৩১ | ৯৯.১২ | ২৯.৬১ |

খুচরা পর্যায়ে অক্টোবর/২৩ মাসের তুলনায় নভেম্বর/২৩ মাসে খুচরা পর্যায়ে আলু হল্যান্ড সাদা ৬.৮২%, আলু দেশী ৬.৭৪%, আলু হল্যান্ড লাল ৪.৫৭%, টমেটো পাঁকা ৩.৫৪% ও ডাটা ২.১০% বৃদ্ধি পেয়েছে। এসকল সবজির সরবরাহ কম থাকায় মূল্য বৃদ্ধি পেয়েছে।

**খুচরা পর্যায়ে সর্বোচ্চ হ্রাসপ্রাপ্ত ৫টি পণ্যঃ**





| | বেগুন (গোল) | মূলা | বেগুন (লম্বা) | পালংশাক | শসা |
|---|---|---|---|---|---|
| নভেম্বর/২৩ | ৪৯.৪২ | ৩৩.১১ | ৪৩.২৮ | ৩৪.৮৩ | ৩৮.৫০ |
| অক্টোবর/২৩ | ৭১.৮১ | ৪৭.৬৪ | ৬২.০১ | ৪৬.৯৬ | ৪৯.৬৬ |

পাইকারী বাজারের সাথে সংগতি রেখে খুচরা পর্যায়েও অক্টোবর/২৩ মাসের তুলনায় নভেম্বর/২৩ মাসে বেগুন (গোল) ৩১.১৮%, মূলা ৩০.৪৯%, বেগুন (লম্বা) ৩০.২০%, পালংশাক ২৫.৮২% ও শসা ২২.৪৭% পর্যন্ত খুচরা পর্যায়ে কমেছে। উল্লেখিত পণ্য অক্টোবর মাসের তুলনায় নভেম্বর মাসে বাজারে সরবরাহ বেশী থাকায় এর মূল্য হ্রাস পেয়েছে।

**নির্ধারিত ১০টি কৃষিপণ্যের বিগত ০৬ (ছয়) মাসের বাজারদর পর্যালোচনা**

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সাপ্তাহিক বুলেটিনে প্রায় ৪০টি শাকসবজির পাইকারী ও খুচরা বাজারদর সংগ্রহ করা হলেও ঋতুগত তারতম্যের কারণে সকল শাকসবজির তথ্য সবসময় পাওয়া যায়না। ফলে কৃষি বিপণন অধিদপ্তরের গবেষনা-৫ শাখা হতে ১০টি পণ্য নির্ধারণ করা হয়েছে যা বছরজুড়ে পাওয়া যায় যথা আলু (সাদা ও লাল), বেগুন (লম্বা), শসা, কাঁচাপেঁপে, লাউ, গাজর, টমেটো, লালশাক ও পুঁইশাক।


**আলু সাদা**




| | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৩১৬৯ | ৩৩৬২ | ৩৪০৬ | ৩৮৯৭ | ৪১১৮ | ৪৩৩০ |
| খুচরা | ৩৬.১৭ | ৩৮.৩৮ | ৩৯.০৩ | ৪৩.৫৩ | ৪৫.৭৯ | ৪৮.৯১ |

আলু (সাদা) এর বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় জুন হতে নভেম্বর পর্যন্ত পাইকারী ও খুচরা বাজারদর উর্দ্ধমুখী প্রবণতা দেখা যায়। বাজারে আলুর সরবরাহ কম থাকায় জুন হতে নভেম্বর মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায়ে **১৪.৪২%** ও **১১.৫৩%** পর্যন্ত মূল্য বৃদ্ধি পায়। ব্যবসায়ীগণ এ সময় হিমাগার হতে বাজারে আলু সরবরাহ কম করায় আলুর মূল্য বৃদ্ধি পায়।


**আলু লাল**




| | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৩১০২ | ৩৩০৪ | ৩৪০৪ | ৩৮৪৩ | ৪১৫৩ | ৪৩৪৪ |
| খুচরা | ৩৫.৯১ | ৩৭.৮৮ | ৩৮.৯৭ | ৪৩.২৬ | ৪৬.৩১ | ৪৮.৪৩ |

আলু (লাল) এর বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় জুন মাস হতে নভেম্বর পর্যন্ত পাইকারী ও খুচরা বাজারদর উর্দ্ধমুখী প্রবণতা দেখা যায়। বাজারে আলুর সরবরাহ কম থাকায় জুন হতে নভেম্বর মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায়ে ১২.৯০% ও ১১.০১% পর্যন্ত মূল্য বৃদ্ধি পায়। ব্যবসায়ীগণ এ সময় হিমাগার হতে বাজারে আলু সরবরাহ কম করায় আলুর মূল্য বৃদ্ধি পায়।


**৩.৩ বেগুন (লম্বা)**




| | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৩২৩৬ | ৩৮১০ | ৩৭৭৩ | ৪২৮৭ | ৫১৪৩ | ৩৪৭৭ |
| খুচরা | ৪০.৪৩ | ৪৭.০১ | ৪৬.৬৭ | ৫৩.২১ | ৬২.০১ | ৪৩.২৮ |


বেগুন (লম্বা) এর বিগত ছয় মাসের লেখচিত্রে বাজারদরের মিশ্র প্রবণতা দেখা যায়। জুন মাসের তুলনায় জুলাই মাসে মূল্য বৃদ্ধি পেয়ে আগষ্ট মাসে কিছুটা হ্রাস পায়। আবার সেপ্টেম্বর হতে অক্টোবর মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায়ে যথাক্রমে ১৯.৯৭% ও ১৬.৫৪% পর্যন্ত বৃদ্ধি পেয়ে নভেম্বর মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩২.৩৯% ও ৩০.২০% পর্যন্ত হ্রাস পেয়েছে।

## লাউ





বিগত ছয় মাসের লেখচিত্র থেকে লাউ এর বাজারদরে মিশ্র প্রবণতা দেখা যায়। জুন মাসের তুলনায় জুলাই মাসে বাজারে লাউ এর সরবরাহ কম থাকায় মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে। আবার জুলাই এর তুলনায় আগষ্ট, সেপ্টেম্বর মাসে লাউ এর মূল্য ৩.৫৫% হ্রাস পেয়েছে। সেপ্টেম্বর মাসের তুলনায় অক্টোবরে পাইকারী ও খুচরা পর্যায়ে যথাক্রমে ২০.০৫% ও ১৭.০৪% পর্যন্ত বৃদ্ধি পেলেও শীতকালীন ফসল বাজারে আসায় নভেম্বর মাসে পাইকারী ও খুচরা মূল্য ৮.৯৬% ও ৮.৭৫% পর্যন্ত হ্রাস পেয়েছে ।

## কাঁচাপেঁপে





কাঁচা পেঁপের ক্ষেত্রে বাজারদর নিম্নমুখী দেখা যায়। জুন মাসের তুলনায় জুলাই, আগষ্ট, সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে বাজারে পেঁপের সরবরাহ বৃদ্ধি পাওয়ায় পাইকারী ও খুচরা পর্যায়ে মূল্য যথাক্রমে ১৯.৯৪% ও ১৬.৪৬% পর্যন্ত হ্রাস পেয়েছে।

**শসা**





শসা'র ক্ষেত্রে বিগত ছয় মাসের বাজারদরে মিশ্র প্রবণতা দেখা যায়। জুন মাসে তুলনায় জুলাই মাসে শসার সরবরাহ বৃদ্ধি পাওয়ায় পাইকারী ও খুচরা মূল্য ৩.৮৫% ও ৭.৮৭% হ্রাস পেয়েছে। আবার জুলাই এর তুলনায় আগষ্ট, সেপ্টেম্বর ও অক্টোবর মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায়ে শসার মূল্য যথাক্রমে ১৭.৪৩% ও ১২.৬৮% পর্যন্ত বৃদ্ধি পেয়ে আবার নভেম্বর মাসে পাইকারী ও খুচরা ২৫.১০% ও ২২.৪৭% হ্রাস পেয়েছে ।

**টমেটো**




বিগত ছয় মাসের টমেটোর বাজারদর উর্দ্ধমুখী দেখা যায়। জুন মাসের তুলনায় জুলাই ও আগষ্ট মাসে বাজারদর বেশী বৃদ্ধি পেয়েছে। জুন মাস হতে টমেটোর মৌসুম শেষ হয়ে যাওয়ায় বাজারে সরবরাহ কমে যায়। দেশের হিমাগারেও টমেটোর সংরক্ষণ কমতে থাকায় বাজারে আমদানীকৃত টমেটোর উপর নির্ভরশীল থাকায় জুলাই ও আগষ্ট মাসে ১৩২.৯৮% পর্যন্ত মূল্য বৃদ্ধি পায়। আবার আগষ্ট মাসের তুলনায় সেপ্টেম্বর ও অক্টোবর মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩৫.৪২% ও ৩২.৮২% পর্যন্ত হ্রাস পেয়েছে। আবার নভেম্বর মাসে অক্টোবর মাসের তুলনায় সামান্য বৃদ্ধি পেয়েছে।


## লাল শাক




| | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ২২৮৪ | ২৩৫২ | ২৩০৪ | ২৫৫৩ | ২৯৬৩ | ২৪৮৩ |
| খুচরা | ২৯.৪৭ | ৩১.২০ | ৩০.৫৩ | ৩৩.৯০ | ৩৯.৫০ | ৩৩.২৪ |

লালশাক এর বিগত ছয় মাসের বাজারদরের লেখচিত্র থেকে দেখা যায় যে, জুন মাসের তুলনায় জুলাই মাসে কিছুটা বৃদ্ধি পেয়ে আগষ্ট মাসে কিছুটা হ্রাস পেয়ে আবার আগষ্ট মাসের তুলনায় সেপ্টেম্বর ও অক্টোবর মাসে পাইকারী ও খুচরা পর্যায় ১১.০৪ ও ১৬.০৬% পর্যন্ত বৃদ্ধি পায়। শীতকালীন ফসল বাজারে আসতে শুরু করলে নভেম্বর মাসে পাইকারী ও খুচরা মূল্য ১৬.২০% ও ১৫.৮৫% হ্রাস পেয়েছে।


## পুঁই শাক




| | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ১৭২৬ | ১৬৭৫ | ১৭৬৮ | ১৯০৫ | ২০৯৭ | ২০৭২ |
| খুচরা | ২৩.১৬ | ২৩.৬৯ | ২৩.৮১ | ২৫.৫৪ | ২৮.২৩ | ২৭.৭৬ |

পুঁইশাক এর বাজারদরের বিগত ছয় মাসের লেখচিত্র থেকে দেখা যায় যে, জুন মাসের তুলনায় জুলাই, আগষ্ট, সেপ্টেম্বর ও অক্টোবর পর্যন্ত পাইকারী ও খুচরা মূল্য ১০.০৮% ও ১০.৫৩% পর্যন্ত বৃদ্ধি পেয়ে নভেম্বর মাসে পাইকারী ও খুচরা মূল্য ১.১৯% ও ১.৬৬% হ্রাস পেয়েছে ।

**গাজর**




বিগত ছয় মাসের লেখচিত্রে জুন/২৩ হতে আগষ্ট পর্যন্ত গাজরের বাজার মূল্য উর্দ্ধমুখী দেখা যায়। উক্ত মাসে গাজরের মৌসুম শেষ হয়ে যাওয়ায় বাজারে সরবরাহ কমে যায়। দেশের হিমাগারেও গাজরের সংরক্ষণ কমতে থাকায় বাজারে আমদানীকৃত গাজরের উপর নির্ভরশীলতা বৃদ্ধি পায় ফলে জুন/২৩ হতে আগষ্ট পর্যন্ত প্রতিমাসে ৩০%-৫০% মূল্য বৃদ্ধি পায়। আগষ্ট মাসের তুলনায় সেপ্টেম্বর, অক্টোবর মাসে গাজরের দাম হ্রাস পেয়েছে। আবার শীতকালীন সবজি বাজারে আসতে শুরু করলে নভেম্বর মাসে পাইকারী ও খুচরা পর্যায়ে যথাক্রমে মূল্য ৪.৪৭% ও ৩.৫৫% পর্যন্ত হ্রাস পেয়েছে।

## ফলের বাজার মূল্য পরিস্থিতির মাসিক ও বার্ষিক তুলনামুলক পর্যালোচনা প্রতিবেদন:

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন জেলা থেকে সংগৃহীত সাপ্তাহিক বাজারদরের ভিত্তিতে সংকলিত জাতীয় গড় বাজারদরের তথ্যানুযায়ী অক্টোবর/২০২৩ মাসের তুলনায় নভেম্বর/২০২৩ মাসের এবং গত বছরের নভেম্বর/২০২২ মাসের তুলনায় চলতি বছরের নভেম্বর/২০২৩ মাসে ফলের মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা প্রতিবেদন নিম্নরূপ।


### নভেম্বর/২০২৩ মাসে ফলের পাইকারী ও খুচরা মূল্যের সার্বিক পরিস্থিতি
### নভেম্বর /২০২৩ মাসে ফলের পাইকারী ও খুচরা মূল্যের শতকরা (%) হ্রাস/বৃদ্ধি

**সারণী – ১.২৪**

| ক্রঃ নং | পণ্যের নাম | একক | পাইকারী মূল্য | | | | | একক | খুচরা মূল্য | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) | | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) |
| | | | নভেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২২ | | | | নভেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২২ | | |
| ১ | ডাব | ১০০টি | ৭,২৭৬ | ৭,৬৩৯ | ৫,৬৭৪ | -৪.৭৫% | ২৮.২৩% | প্রতিটি | ৯১.০০ | ৯৬.০০ | ৭৩.৪৫ | -৫.২১% | ২৩.৮৯% |
| ২ | এলাচি লেবু | ১০০টি | ৩১৩ | ২৯৬ | ৩২৫ | ৫.৭৪% | -৩.৬৯% | ৪টি | ১৭.০০ | ১৬.০০ | ১৭.৯০ | ৬.২৫% | -৫.০৩% |
| ৩ | কাগজী লেবু | ১০০টি | ৩৪৬ | ৩২১ | ৩২৫ | ৭.৭৯% | ৬.৪৬% | ৪টি | ১৯.০০ | ১৮.০০ | ২৭.৭৪ | ৫.৫৬% | -৩১.৫১% |
| ৪ | পেঁয়ারা | কুইঃ | ৪,৩৯২ | ৪,৫২৫ | ৪,৭৫৪ | -২.৯৪% | -৭.৬১% | কেজি | ৫৬.০০ | ৫৭.০০ | ৬১.৪০ | -১.৭৫% | -৮.৭৯% |
| ৫ | কমলা | কুইঃ | ২১,২৫৯ | ২৫,৬৯৭ | ১৯,০৮৩ | -১৭.২৭% | ১১.৪০% | কেজি | ২৫৩.০০ | ২৮২.০০ | ২১৯.৩২ | -১০.২৮% | ১৫.৩৬% |
| ৬ | আপেল | কুইঃ | ২৩,১৩৪ | ২৪,৮৫৫ | ১৮,৭৪৫ | -৬.৯২% | ২৩.৪১% | কেজি | ২৬৫.০০ | ২৮০.০০ | ২১৩.০৬ | -৫.৩৬% | ২৪.৩৮% |
| ৭ | পাঁকাপেঁপে | ১০০টি | ৫৮২৪ | ৬৩০৮ | ৫৭৫৭ | -৭.৬৭% | ১.১৬% | প্রতিটি | ৮১.০০ | ৮৬.০০ | ৭৯.৪৪ | -৫.৮১% | ১.৯৬% |
| ৮ | কলা -চাঁপা | ৮০টি | ৩৩৫ | ২৯৮ | ৩৪৬ | ১২.৪২% | -৩.১৮% | ৪টি | ২০.০০ | ২০.০০ | ১৯.৭০ | ০.০০% | ১.৫২% |
| ৯ | কলা-সবরি | ৮০টি | ৫১১ | ৫০০ | ৫৮২ | ২.২০% | -১২.২০% | ৪টি | ৩৩.০০ | ৩৩.০০ | ৩০.৬৭ | ০.০০% | ৭.৬০% |
| ১০ | কলা- সাগর | ৮০টি | ৪১৩ | ৪০০ | ৪১৩ | ৩.২৫% | ০.০০% | ৪টি | ২৬.০০ | ২৬.০০ | ২৪.৬২ | ০.০০% | ৫.৬১% |
| ১১ | আনারস-ক্যালেংগা | ১০০টি | ৪,৯৭৩ | ৪,৬৫৪ | ৪,৭০৬ | ৬.৮৫% | ৫.৬৭% | প্রতিটি | ৬৩.০০ | ৬০.০০ | ৬৮.৪১ | ৫.০০% | -৭.৯১% |
| ১২ | আনারস-জলডুবি | ১০০টি | ৪,৬০৫ | ৪,৩৬০ | ৩,০০০ | ৫.৬২% | ৫৩.৫০% | প্রতিটি | ৪৮.০০ | ৪৩.০০ | ৪৮.২১ | ১১.৬৩% | -০.৪৪% |
| ১৩ | শুকনা-নারিকেল | ১০০টি | ৮০৩৫ | ৮১০২ | ৭২৩০ | -০.৮৩% | ১১.১৩% | প্রতিটি | ৯৭.০০ | ৯৮.০০ | ৮৬.৩৫ | -১.০২% | ১২.৩৩% |
| ১৪ | খেজুর | কুইঃ | ৪৩,০৭৮ | ৪১,০৯৬ | ২৮,৬৩৭ | ৪.৮২% | ৫০.৪৩% | কেজি | ৫০৪.০০ | ৪৮৩.০০ | ৩৩২.২৮ | ৪.৩৫% | ৫১.৬৮% |

# সর্বোচ্চ বৃদ্ধি প্রাপ্ত ও হ্রাস প্রাপ্ত ফল


## পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি প্রাপ্ত ৫টি পণ্যঃ




| | কলা - চাঁপা | কাগজী লেবু | আনারস-ক্যালেংগা | এলাচি লেবু | আনারস-জলডুবি |
|---|---|---|---|---|---|
| নভেম্বর/২৩ | ৩৩৫ | ৩৪৬ | ৪,৯৭৩ | ৩১৩ | ৪,৬০৫ |
| অক্টোবর/২৩ | ২৯৮ | ৩২১ | ৪,৬৫৪ | ২৯৬ | ৪,৩৬০ |

বিভিন্ন প্রকার ফলের বাজারদর তুলনা করতে গিয়ে পরিলক্ষিত হয় যে, বিগত মাসের তুলনায় নভেম্বর মাসের পাইকারী পর্যায়ে কাগজী-লেবুর এর মূল্য ১৭.১৫%, এলাচী-লেবু এর মূল্য ১২.৯৮%, আনারস-জলডুবি এর মূল্য ৯.২৫%, আনারস-ক্যালেংগা এর মূল্য ৩.৭৪%, এবং পেয়ারা এর মূল্য ২.৫৬%, বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু ও ভাইরাস জ্বরের কারনে আমদানীর তুলনায় চাহিদা বেশী থাকায় এই পণ্যগুলোর মূল্য বৃদ্ধি পেয়েছে।


## পাইকারী পর্যায়ে সর্বোচ্চ হ্রাস প্রাপ্ত ৫টি পণ্যঃ




| | কমলা | পাঁকাপেঁপে | আপেল | ডাব | পেঁয়ারা |
|---|---|---|---|---|---|
| নভেম্বর/২৩ | ২১,২৫৯ | ৫৮২৪ | ২৩,১৩৪ | ৭,২৭৬ | ৪,৩৯২ |
| অক্টোবর/২৩ | ২৫,৬৯৭ | ৬৩০৮ | ২৪,৮৫৫ | ৭,৬৩৯ | ৪,৫২৫ |


বিগত মাসের তুলনায় নভেম্বর মাসে পাঁকা-পেঁপে ও ডাবের ভরা মৌসুমে সরবরাহ বৃদ্ধি পাওয়ায় মূল্য যথাক্রমে ৮.১১% ও ২.৩৩% হ্রাস পেয়েছে। এছাড়া কলা-সাগর এর মূল্য ২.২০%, কমলা এর মূল্য ১.৫৯% ও আপেল এর মূল্য ০.৭৭% হ্রাস পেয়েছে।

**খুচরা পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি প্রাপ্ত ৫টি পণ্যঃ**




পাইকারী বাজারদরের সাথে সংগতি রেখে বিগত মাসের তুলনায় নভেম্বর/২৩ মাসে খুচরা পর্যায়ে কাগজী-লেবু এর মূল্য ৫.৮৮%, কলা-সবরি এর মূল্য ৩.১৩%, পেয়ারা এর মূল্য ১.৭৯% বৃদ্ধি পেয়েছে। এলাচী-লেবু ও কলা-চাপা এর মূল্য অপরিবর্তীত রয়েছে। এই পণ্যগুলোর মূল্য বৃদ্ধি পেলেও বাজারদর সহনশীল পর্যায়ে রয়েছে।

**খুচরা পর্যায়ে সর্বোচ্চ হ্রাস প্রাপ্ত ৫টি পণ্যঃ**





ফলমূলের বাজারদর তুলনা করতে গিয়ে পরিলক্ষিত হয় যে অক্টোবর/২৩ মাসের তুলনায় নভেম্বর /২৩ মাসের খুচরা পর্যায়ে আনারস-জলডুবি ২৩.২১% হ্রাস পেয়েছে। পাঁকা-পেঁপে ৭.৫৩%, কমলা ৩.৭৫%, ডাব ৩.৭৫% মূল্য হ্রাস পেয়েছে। এছাড়া শুকনা-নারিকেল এর মূল্যও ২% হ্রাস পেয়েছে।

**<u>নির্ধারিত ১০টি কৃষিপণ্যের বিগত ০৬ (ছয়) মাসের বাজারদর পর্যালোচনা</u>**


কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সাপ্তাহিক বুলেটিন ফরমের মধ্যে প্রায় ৩৩টি ফলের পাইকারী বাজারদর সংগ্রহ করা হলেও ঋতুগত তারতম্যের কারণে সকল ফলের তথ্য সবসময় পাওয়া যায়না। ফলে কৃষি বিপণন অধিদপ্তরের গবেষনা-৩ শাখা হতে ১০টি পণ্য নির্ধারণ করা হয়েছে; যা বছরজুড়ে পাওয়া যায় যথা: পেয়ারা, কমলা, আপেল, পাঁকা-পেঁপে, কলা-সবরি, আনারস-ক্যালেংগা, নারিকেল, খেজুর, ডাব ও এলাচি-লেবু।

**<u>ডাব</u>**





বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় যে, জুন মাস পর্যন্ত বাজারদর নিম্নমূখী রয়েছে। গ্রীষ্ম মৌসুম হওয়ায় ডাবের মূল্য বৃদ্ধি পেতে থাকে। এই সময়ে পাইকারী পর্যায়ে প্রতি মাসে যথাক্রমে ৬.৫৪%, ৩%, ২%, ও ৯.৩১% এবং খুচরা পর্যায়ে প্রতি মাসে যথাক্রমে ৬.৩৩%, ২.৩৮%, ১.১৬% ও ১৩% মূল্য বৃদ্ধি পায়। শীতের মৌসুমের কারনে অক্টোবর মাসে পাইকারী ২.৩৩%, খুচরা ২.০৪% মূল্য হ্রাস পায়। রিপোটিং মাসে ডাবের পাইকারী ও খুচরা পর্যায়ে যথাক্রমে ৫% ও ৫.২১% মূল্য হ্রাস পায়।

**<u>এলাচিলেবু</u>**





এলাচি লেবুর ক্ষেত্রে বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় যে, জুন ও জুলাই মাসে লেবুর সরবরাহ বেশী থাকায় পাইকারী মূল্য ২৬.৩৫% ও ৪% এবং খুচরা মূল্য ২৯% ও ৭% হ্রাস পায়। এছাড়া বাজারে আমদানী কম হওয়ায় আগষ্ট মাসে পাইকারী ও খুচরা মূল্য ১.২০%, ১৪.২৯% বৃদ্ধি পায়। সেপ্টেম্বর ও অক্টোবর মাসে পাইকারী মূল্য ৪% ও ১৩% বৃদ্ধি পায় ও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। রিপোটিং মাসে শীতের মৌসুমে উৎপাদন হ্রাসের কারনে পাইকারী ও খুচরা মূল্য ৬% ও ৬.২৫% বৃদ্ধি পায়।

**পেঁয়ারা**





বিগত ছয় মাসে পেঁয়ারা এর পাইকারী ও খুচরা বাজারদরে মিশ্র প্রবণতা দেখা যায়। জুন মাসে পাইকারী ও খুচরা মূল্য ০.৭৬% ও ৫% বৃদ্ধি পায়। জুলাই ও আগষ্ট মাসে পাইকারী মূল্য ৫.৪৩% ও ৮.২০% এবং খুচরা মূল্য ২% ও ৫.৩৬% হ্রাস পায়। সার্বিকভাবে বিগত তিন মাসে পেয়ারার বাজারদর একটি নির্দিষ্ট পরিসরে হ্রাস-বৃদ্ধি পেতে থাকে আবার সেপ্টেম্বর ও অক্টোবর মাসে পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে ৮.৩০%, ৩% ৬% ও ২% বৃদ্ধি পায়। রিপোটিং মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩% ও ২% হ্রাস পায়।

**কমলা**





কমলা আমাদের দেশে আমদানি নির্ভর একটি পণ্য। আমদানীকারকের নির্ধারিত মূল্য এবং আমদানীর সাথে সংশ্লিষ্ট বিষয়াদি যুক্ত হওয়ার কারণে মূল্যের হ্রাস-বৃদ্ধি হয়ে থাকে। বিগত ছয় মাসের বাজারদর পর্যালোচনা করে দেখা যায় যে, জুন মাসে পাইকারী ও খুচরা বাজারদর সামান্য পরিমান ১.১৫ % বৃদ্ধি পায় ও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। জুলাই মাসে পাইকারী ও খুচরা মূল্য ২% ও ২%, বৃদ্ধি পায় । আগষ্ট মাসে পাইকারী মূল্য ৩.০০% বৃদ্ধি পায় এবং খুচরা মূল্য ০.৩৯% হ্রাস পায়। সেপ্টেম্বর মাসে পাইকারী ও খুচরা মূল্য ১৩% ও ১৫% বৃদ্ধি পায়। অক্টোবর মাসে পাইকারী ও খুচরা মূল্য ০.৫৬% ও ৪% এবং রিপোটিং মাসে পাইকারী মূল্য ১৮.১৩% এবং খুচরা মূল্য ১০.২৮% হ্রাস পায়।

**আপেল**





কমলার ন্যায় আপেলও আমদানি নির্ভর একটি পণ্য। তবে কমলার তুলনায় আরো বেশি দেশ থেকে আপেল আমদানি হয় বিধায় মূল্যের তারতম্য বেশি পরিলক্ষিত হয়। বিগত ছয় মাসের বাজারদর পর্যালোচনা করলে দেখা যায় যে, জুন মাসে পাইকারী মূল্য ১.৪৩% ও খুচরা মূল্য ১.১৬% হ্রাস পায়। জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর মাসে পাইকারী মূল্য ৩.২৩%, ৬% ও ২.২৪% এবং খুচরা মূল্য ৪%, ৪% ও ৩% বৃদ্ধি পায়। অক্টোবর মাসে পাইকারী ও খুচরা মূল্য ০.৭৭%, ১.০৬% হ্রাস পায়। রিপোর্টিং মাস অর্থাৎ ‘নভেম্বর’ মাসে পাইকারী ও খুচরা মূল্য ৭% ও ৫.৩৬% হ্রাস পায়।

**পাঁকাপেঁপে**





বাজারে দেশি জাতের পাঁকা পেঁপের তুলনায় থাইল্যান্ড জাতের রেড লেডী পেঁপে অধিক হারে পাওয়া যায়; যার ফলে বাজারমূল্য তারতম্য দেখা যায়। বিগত ছয় মাসে পাকা পেঁপের পাইকারী ও খুচরা বাজারদরে মিশ্র প্রবণতা দেখা গেছে। জুন মাসের পাইকারী মূল্য ৮% ও খুচরা মূল্য ৪.৪৪% মূল্য বৃদ্ধি পায়। জুলাই মাসে পাইকারী মূল্য ৪% বৃদ্ধি এবং খুচরা মূল্য ৪.২৬% হ্রাস পায়। আগষ্ট মাসে পাইকারী মূল্য ৬% হ্রাস পায় এবং খুচরা মূল্য ৮% বৃদ্ধি পায় এবং সেপ্টেম্বর মাসে পাইকারী মূল্য ৯.২৮% বৃদ্ধি পায় এবং খুচরা মূল্য ৪.১২% হ্রাস পায়। অক্টোবর মাসে পাইকারী ও খুচরা মূল্য ৮.১১% ও ৮% হ্রাস পায়। রিপোর্টিং মাস অর্থাৎ ‘নভেম্বর’ মাসে পাইকারী ও খুচরা মূল্য ৮% ও ৬% হ্রাস পায়।

**কলা-সবরি**





সবরি কলার বিগত ছয় মাসের পাইকারী বাজারদরে স্থিতিশীলতা দেখা গেলেও খুচরা পর্যায়ে একটি নির্দিষ্ট পরিসরে বাজারদর উঠানামা করতে দেখা যায়। জুন মাসে পাইকারী ও খুচরা মূল্য ১৯% ও ৩.০৩% হ্রাস পেয়েছে। জুলাই মাসে পাইকারী মূল্য ১৭% বৃদ্ধি পায় এবং আগষ্ট মাসে পাইকারী মূল্য ১.০১% হ্রাস পায় ও সেপ্টেম্বরে ০.৬১% বৃদ্ধি পেয়েছে। জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর মাসে খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। অক্টোবর মাসে পাইকারী ও খুচরা মূল্য ১.২১% ও ৩.১৩% বৃদ্ধি পেয়েছে। রিপোর্টিং মাসে পাইকারী মূল্য ২.২০% বৃদ্ধি **পেলেও** খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে।

**আনারস-ক্যালেংগা**




আনারস-ক্যালেংগা'র ক্ষেত্রে বিগত ছয় মাসে পাইকারী মূল্যের লেখচিত্র থেকে দেখা যায় খুচরা বাজারদরে মিশ্র প্রবণতা দেখা গেছে। জুন মাসে আমদানীর তুলনায় আনারসের চাহিদা বেশী থাকায় পাইকারী ও খুচরা মূল্য ১.১৮% ও ৭.৮৪% বৃদ্ধি পায়। জুলাই ও আগষ্ট মাসে পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে ৩% ও ৩.১৩%, এবং ২% ও ২% হ্রাস পেয়েছে। সেপ্টেম্বর মাসে পাইকারী ও খুচরা মূল্য ১২% ও ১৩.২১% বৃদ্ধি পায়। অক্টোবর মাসে পাইকারী মূল্য ৪% বৃদ্ধি পেলেও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। রিপোর্টিং মাসে পাইকারী ও খুচরা মূল্যে মূল্য ৭% ও ৫% বৃদ্ধি পেয়েছে।


**<u>নারিকেল</u>**




| | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৮৫২৭ | ৮৩৫০ | ৭৬৯৮ | ৮১৪৭ | ৮১০২ | ৮০৩৫ |
| খুচরা | ১০১.০০ | ১০০.০০ | ৯৭.০০ | ১০০.০০ | ৯৮.০০ | ৯৭.০০ |

নারিকেল এর পাইকারী ও খুচরা বাজারদরে বিগত ছয় মাসে উর্দ্ধমুখী প্রবণতা দেখা যায়। জুন মাসে পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে ০.৬২% ও ২% হ্রাস পেয়েছে। জুলাই ও আগষ্ট  মাসে পাইকারী মূল্য যথাক্রমে ২.০৮%, ও ৮%  এবং খুচরা মূল্য ০.৯৯% ও ৩% হ্রাস পেয়েছে। সেপ্টেম্বর মাসে পাইকারী ও খুচরা মূল্য ৬% ও ৩.০৯% বৃদ্ধি পেয়েছে। অক্টোবর মাসে পাইকারী ও খুচরা মূল্য **০.৫৫%** ও ২.০০% হ্রাস পেয়েছে। রিপোটিং মাসে সরবরাহ বেশী থাকায় পাইকারী ও খুচরা মূল্য প্রায় ০.৮৩% ও ১.০২% হ্রাস পেয়েছে।

**<u>খেজুর</u>**




| | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৩৭৭৭২ | ৩৯৬২৫ | ৪০৮৫৭ | ৪০৫৪১ | ৪১০৯৬ | ৪৩০৭৮ |
| খুচরা | ৪৫৪.০০ | ৪৫৬.০০ | ৪৫৭.০০ | ৪৮৪.০০ | ৪৮৩.০০ | ৫০৪.০০ |

বিগত ছয় মাসের লেখ চিত্র থেকে প্রতীয়মান যে, পাইকারী ও খুচরা পর্যায়ে খেজুরের বাজারদর উর্দ্ধমুখী রয়েছে। জুন, জুলাই ও আগষ্ট মাসে পাইকারী মূল্য যথাক্রেমে ০.৯১%, ৫%, ও ৩.১১% এবং খুচরা মূল্য ০.২২%, ০.৪৪% ও ০.২২% বৃদ্ধি পেয়েছে। সেপ্টেম্বর মাসে পাইকারী মূল্য ০.৭৭% হ্রাস পেলেও খুচরা মূল্য ৬% বৃদ্ধি পেয়েছে। অক্টোবর মাসে পাইকারী মূল্য ১.৩৭% বৃদ্ধি পেয়েছে এবং  খুচরা মূল্য ০.২১% হ্রাস পেয়েছে। রিপোটিং মাসে পাইকারী মূল্য ৫% এবং  খুচরা মূল্য ৪.৩৫% বৃদ্ধি পেয়েছে।

(সুলতানান নাসিরা)
সহকারী পরিচালক
(গবেষণা শাখা- ১)